

## ‘পুরনো লিস্টে নতুন করে ভোটের ব্যবস্থা করতে হবে’

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৩ সেপ্টেম্বরঃ মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে প্রেফতার করতাই হবে! নির্বাচন কমিশনের বিরোধ নিয়ে যে খবর প্রকাশে এসেছে সেই ইস্যুতে স্পষ্ট দাবি রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের। বুধবার কেসবুক ডিভিও বার্তায় তিনি কমিশনের ঘটনা নিয়ে সর্বব হন। একাধিক ইস্যুতে মুখা নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের সঙ্গে বাকি দুই কমিশনারের বিবাদ হয়েছিল বলে খবর এসেছে। সেই নিয়ে এখন তোলপাড় দেশ। মমতা বন্দ্যোপাধ্যায়ের এই প্রেক্ষিতে দাবি, একমাত্র বিজেপির হয়ে কাজ করাই নির্বাচন কমিশনের মূল লক্ষ্য। আর



আজ সেটিই গোটা দেশের সামনে বেরাক হয়ে গেছে। মমতার দাবি, সর্বপ্রথম তাঁরাই এমন আশঙ্কা প্রকাশ করেছিলেন এবং জ্ঞানেশ কুমারের ইমপিচমেন্ট চেয়েও চিঠিও দিয়েছিলেন। কিন্তু কোনও লাভ হয়নি। কমিশন সংক্রান্ত ইস্যুতে আরও বড় দাবি করেন মমতা। তিনি পরিস্কার করে জানান, জ্ঞানেশ কুমারের জন্যই বিজেপি ২০২৪-এ জিতেছে, ২০২৫ ও ২০২৬-এ যত ভোট হয়েছে তাতেও কমিশনের জন্যই জয় পেয়েছে তারা। এমনকী ২৬-এর পশ্চিমবঙ্গ বিধানসভা ভোটেও কমিশনের সাহায্যে লুট করে বিজেপি জয় পেয়েছে বলে অভিযোগ করেন তিনি। তাই মমতার দাবি, যে রাজ্যগুলিতে বিজেপি জিতেছে, সেই রাজ্যগুলিতে আরও পুরনো ভোটার তালিকায় ফের ভোটের ব্যবস্থা করতে হবে। নির্বাচন কমিশনের তথ্যগ্রন্থিত শাখার ডিভাইজি পদে থাকা সীমা থ্যা ও কমিশনের ক্রটিপূর্ণ সফটওয়্যারের ভূমিকা নিয়েও এখন চর্চা শুরু হয়েছে। সে নিয়েও সর্বব হন মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর কথায়, কাউন্টিং

● এরপর ৬ পাতায়...

## নরেন্দ্রপুর মামলায় সিবিআই তদন্তের নির্দেশ হাইকোর্টের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৩ সেপ্টেম্বরঃ বর্তমান সময়ে সাইবার অপরাধের অন্যতম ভয়ংকর রূপ হলো ‘ডিজিটাল অ্যারেস্ট’। পুলিশ বা সরকারি আধিকারিক সেজে ডিভিও কলের মাধ্যমে সাধারণ মানুষকে গৃহবন্দি করে রেখে টাকা হাতানোর এই রমরমা কারাবারে এ বার আরও কড়া পদক্ষেপ করল কলকাতা হাইকোর্ট। নরেন্দ্রপুরের একটি বহু আলোচিত মামলায় প্রায় ২.৬৬ কোটি টাকার এই প্রতারণার ঘটনায় সরাসরি সিবিআই তদন্তের নির্দেশ দিল আদালত। শুধু তাই নয়, আগামী সাত দিনের মধ্যে এই মামলার সমস্ত নথিপত্র কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার হাতে তুলে দেওয়ার জন্য রাজ্য পুলিশকে স্পষ্ট নির্দেশ দিয়েছে হাইকোর্ট। হাইকোর্টের বিচারপতি সৌগত ভট্টাচার্যের এজলাসে জয়শ্রী রামকৃষ্ণ ও অন্য এক আবেদনকারীর দায়ের করা মামলার সুনানি ছিল। আবেদনকারীদের মূল অভিযোগ, নিখুঁত হকে তাঁদের ‘ডিজিটাল অ্যারেস্ট’-এর ফাঁদে ফেলা হয়েছিল। নিজেদের বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার আধিকারিক পরিচয় দিয়ে সাইবার অপরাধীরা তাঁদের দীর্ঘক্ষণ ডিজিটাল মাধ্যমে আটকে রেখে নানা ভয়ভীতি দেখায়। এই হেনস্তার মুখে পড়ে সর্বশাস্ত হন আবেদনকারীরা। তাঁদের ব্যাংক অ্যাকাউন্ট থেকে দফায় দফায় মোট প্রায় ২ কোটি ৬৬ লক্ষ টাকা হাতিয়ে নেওয়া হয়েছে বলে অভিযোগ ওঠে। এই মামলার সুনানিতে আবেদনকারীদের আইনজীবীরা আদালতের নজরে আনেন যে, দেশজুড়ে যেভাবে ডিজিটাল অ্যারেস্টের ঘটনা ঘটছে, তাতে এই ধরনের গুরুতর প্রতারণার

● এরপর ৬ পাতায়...

## জনস্বার্থ মামলা নিয়ে বিরক্ত কলকাতা হাইকোর্ট!

## তথ্য না থাকলেই ১০ লক্ষ টাকা জরিমানার কড়া হুঁশিয়ারি



নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৩ সেপ্টেম্বরঃ গুচ্ছ গুচ্ছ ভূয়ো বা তথ্যহীন জনস্বার্থ মামলা দায়েরের প্রবণতা নিয়ে বেজায় বিরক্ত কলকাতা হাইকোর্ট। যথার্থ তথ্য ও প্রমাণ ছাড়া জনস্বার্থের তকমা লাগিয়ে মামলা করলে এ বার থেকে সরাসরি ১০ লক্ষ টাকা পর্যন্ত জরিমানার হুঁশিয়ারি দিল আদালত। বুধবার হাই কোর্টের প্রধান বিচারপতি রবীন্দ্র বি ঘুগে এবং বিচারপতি ওম নারায়ণ রাইয়ের ডিভিশন বেঞ্চ স্পষ্ট জানিয়ে দিয়েছে, এই ধরনের খামখেয়ালি মামলার জেরে জনস্বার্থ মামলার আল উদ্দেশ্যই আজ বিপন্ন। এ দিন সুনানির শুরুতেই পর পর বেশ কয়েকটি জনস্বার্থ মামলা খারিজ করে দেয় ডিভিশন বেঞ্চ। আদালতের কড়া পর্যবেক্ষণ, জনস্বার্থ মামলা মানেই খামখেয়ালিপনা নয়। এই ধরনের মামলা দায়ের করার ক্ষেত্রে নির্দিষ্ট নিয়ম ও আইনি পরিকাঠামো রয়েছে।

### ২৮ সেপ্টেম্বর থেকে ধর্মঘট!

## গ্রাহক ভোগান্তি কমাতে এই রবিবার খোলা থাকবে ব্যাঙ্ক



সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ২৩ সেপ্টেম্বরঃ দেশজুড়ে প্রস্তাবিত তিন দিনের ব্যাঙ্ক ধর্মঘটের আগে বিশেষ পদক্ষেপ করল কেন্দ্র। আগামী ২৭ সেপ্টেম্বর, রবিবার, দেশের সমস্ত রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্ক এবং আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কের শাখা খোলা রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গ্রাহকদের ব্যাঙ্ক পরিষেবা যাতে দীর্ঘ সময় ব্যাহত না হয়, সেই লক্ষ্যেই এই সিদ্ধান্ত বলে জানিয়েছে কেন্দ্রীয় অর্থ মন্ত্রক। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদন নিয়েই এই সিদ্ধান্ত। ইউনাইটেড ফেরাম অব ব্যাঙ্ক ইউনিয়নস বা ইউএফবিইউ-এর ডাকে ২৮ থেকে ৩০ সেপ্টেম্বর দেশজুড়ে তিন দিনের ধর্মঘটের কথা রয়েছে। মূল দাবি, ব্যাঙ্কিং ক্ষেত্রে পাঁচ দিনের কর্মসপ্তাহ চালু করা। ২২ সেপ্টেম্বরের বৈঠকের পরেও দাবি নিয়ে সমাধান না হওয়ায় ধর্মঘট প্রত্যাহার করেনি ইউনিয়নগুলি। ফলে ২৮, ২৯ এবং ৩০ সেপ্টেম্বর ধর্মঘট হওয়ার কথা। সমস্যা তৈরি হয়েছে ধর্মঘটের ঠিক আগের দু’দিন ঘিরে। ২৬ সেপ্টেম্বর শনিবার এবং ২৭ সেপ্টেম্বর রবিবার হওয়ায় স্বাভাবিক নিয়মেই শাখাভিত্তিক পরিষেবা বন্ধ থাকার কথা ছিল। তার পর ২৮ থেকে ৩০ সেপ্টেম্বর ধর্মঘট। ফলে সাধারণ গ্রাহক এবং ব্যবসায়ীদের জন্য টানা পাঁচ দিন শাখায় গিয়ে ব্যাঙ্কিং পরিষেবা নেওয়া কঠিন হয়ে পড়ত। কেন্দ্রের বক্তব্য, এই পরিস্থিতিতে রবিবার শাখা খোলা রাখলে ধর্মঘটের আগে জরুরি কাজ সেরে নেওয়ার সুযোগ পাবেন গ্রাহকরা। ২৭ সেপ্টেম্বর রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্ক এবং আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কের সাধারণ শাখাগুলি খোলা থাকবে। প্রশাসনিক অফিস এবং ক্যাসেলি চেস্টগুলিও সচল রাখার ব্যবস্থা করা হয়েছে। ব্যাঙ্কগুলিকে গ্রাহকদের প্রয়োজনীয় পরিষেবা দেওয়ার পাশাপাশি এটিএমে পর্যাপ্ত নগদ রাখার ব্যবস্থাও করতে বলেছে মন্ত্রক। তবে ২৮

● এরপর ৬ পাতায়...

## মেঘালয়ে বড় রাজনৈতিক পটপরিবর্তন বিজেপিতে যোগ দিলেন ইউডিপি'র ৮ বিধায়ক

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ২৩ সেপ্টেম্বরঃ দেশের উত্তর-পূর্বের গুরুত্বপূর্ণ পাহাড়ি রাজ্য মেঘালয়ে এক ধাক্কায় বদলে গেল রাজনৈতিক সমীকরণ। দীর্ঘ জঙ্গনা আর গোপন বৈঠকের অবসান ঘটিয়ে অবশেষে একযোগে ভারতীয় জনতা পার্টিতে যোগ দিলেন ইউনাইটেড ডেমোক্রেটিক পার্টি বা ইউডিপি-র আট জন বিধায়ক। বুধবার নয়াদিল্লিতে বিজেপির কেন্দ্রীয়

আট জন বিধায়ক ইউডিপি ছেড়ে বিজেপিতে যোগ দিয়েছেন, তাঁদের মধ্যে রয়েছেন রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা আমলাদেরের বিধায়ক লালবেন রিন্থুই এবং খলিঘট্রিয়াটের বিধায়ক কিরমেন শিল্লা। এ ছাড়াও রয়েছেন ওলান সিং সুইন (মোগসিনমার), ম্যাথিউ বেরনস্টার করবাহ (মোগসিনমার), মায়ারলার সিয়েম (নংপোহ), পিউস মারউইন (রানিকোর), সিনসার থাবাহ



কার্যালয়ে এক বিশেষ অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে পদাধিবিবের নাম লেগান এই হেতিওয়েট নেতার। এই রাজনৈতিক পটপরিবর্তন উত্তর-পূর্ব ভারতের এই রাজ্যের রাজনীতিতে অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলেই মনে করছেন রাজনৈতিক বিশেষজ্ঞরা। দিল্লিতে বিজেপির জাতীয় মুখপাত্র সম্বিত পাত্রের উপস্থিতিতে সাংবাদিক বৈঠক করে এই দলবদলের ঘোষণা করা হয়। যে

(সোহিল) এবং বালাজি সিনমের (শেল্লা)-এর মতো প্রভাবশালী নেতারা। গত কয়েক সপ্তাহ ধরেই মেঘালয়ের রাজনৈতিক মহলে গুঞ্জন চলছিল। রাজ্য সরকারের ভবিষ্যৎ এবং স্থানীয় বিভিন্ন সমস্যা নিয়ে দলের এই বিধায়কদের সঙ্গে বিজেপির শীর্ষ নেতৃত্বের দফায় দফায় আলোচনাও হয়েছিল। গত ১২ সেপ্টেম্বরই প্রাক্তন বিধায়ক তথা

● এরপর ৬ পাতায়...

## ৩১ কোটির নিষিদ্ধ কাফ-সিরাপে বুলডোজার চালালেন মুখ্যমন্ত্রী

## ‘নেশামুক্ত পশ্চিমবঙ্গ’ গড়ার ডাক

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৩ সেপ্টেম্বরঃ রাজ্যকে সম্পূর্ণ মাদক মুক্ত করতে বড়সড় ও নজিরবিহীন পদক্ষেপ করল রাজ্য সরকার। প্রায় ৬ লক্ষ ১০ হাজার বেসাইনিন ও নিষিদ্ধ কাফ সিরাপের বোতল প্রকাশ্যে নষ্ট করার মাধ্যমে মাদক কারবারিদের বিরুদ্ধে রণচক্কার দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। উদ্ধার হওয়া এই বিপুল পরিমাণ কাফ সিরাপের আনুমানিক বাজারমূল্য প্রায় ৩১ কোটি টাকা।

জানান, মাদক মালমার তদন্ত থেকে শুরু করে অভিযুক্তদের বিরুদ্ধে দ্রুত চার্জশিট পেশ ও সাজা নিশ্চিত করার প্রক্রিয়ায় তদন্তকারী

পর্যালোচনার উল্লেখ করতে গিয়ে দক্ষিণ দিনাজপুরের হরিরামপুরের একটি অবৈধ কাফ সিরাপ চক্রের তথ্য সামনে আনেন মুখ্যমন্ত্রী। তিনি

সিরাপের ব্যবসা পরিচালনা করবে না। সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে তিনি এও জানান, দক্ষিণ দিনাজপুরে পুলিশ প্রশাসনের



আধিকারিকদের আইনি ভূমিকা নিয়ে সুপ্রিম কোর্টের পূর্ণ অনুমোদন পাওয়া গিয়েছে। এর ফলে এখন থেকে স্পেশ্যাল টাস্ক ফোর্স আরও হাতখুলে ও স্বাধীনভাবে পদক্ষেপ করতে পারবে। প্রশাসনিক

জানান, পুলিশের ধারাবাহিক চাপের মুখে পড়ে হরিরামপুরের সর্বাঙ্গীষ্ট কফ সিরাপ প্রস্তুতকারী বা সরবরাহকারী সংস্থাটি লিখিত প্রতিশ্রুতি দিয়েছে যে, তারা ভবিষ্যতে পশ্চিমবঙ্গে কোনও নিষিদ্ধ বা বেসাইনিন কফ

তৎপরতায় সম্প্রতি প্রায় ২ লক্ষ বোতল কোর্ডিন যুক্ত অবৈধ কাশির সিরাপ বাজেয়াপ্ত করে ধ্বংস করা হয়েছে। অভিযানের পরেই প্রস্তুতকারক সংস্থা ল্যাবরেট ফার্মাসিউটিক্যালস ইন্ডিয়া লিমিটেড।

পশ্চিমবঙ্গ সরকারের কাছে এই রাজ্যে তাদের ‘এসকাফ কাফ সিরাপ’ বিক্রি বন্ধ করার অঙ্গীকার করেছে এবং ইতিমধ্যেই স্থানীয় ডিপোয় মজুত করে রাখা সমস্ত মাল ফিরিয়ে নেওয়ার বন্দোবস্ত করছে। এই প্রেক্ষিতে তাঁর স্পষ্ট বার্তা, অবৈধ মাদক ও মাদক পাচারের বিরুদ্ধে আমাদের আপোষহীন ‘জিরো টলারেন্স’ নীতি অব্যাহত থাকবে। কেবল একটি নির্দিষ্ট অঞ্চলে অভিযান চালিয়েই এই লড়াই শেষ হচ্ছে না বলে সতর্কবার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী। প্রতিবেশী রাজ্য কিংবা আন্তর্জাতিক সীমান্ত পার হয়ে যাতে কোনও মাদক বা অবৈধ কফ সিরাপের চালান পশ্চিমবঙ্গে প্রবেশ করতে না পারে, তার জন্য বিএসএফ-এর সঙ্গে সমন্বয় আরও জোরদার করার নির্দেশ দেওয়া হয়েছে। তরুণ ও যুবসমাজকে মাদকের মরণফাঁদ থেকে রক্ষা করাই এই সরকারের মূল আগ্রহিকার বলে পুনর্ব্যক্ত করেন তিনি।

## নির্বাচন কমিশনে বিস্ফোরক মতবিরোধ!

## ‘ভিন্নমত স্বাভাবিক, তবে সব সিদ্ধান্তই সর্বসম্মতভাবে গৃহীত’

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ২৩ সেপ্টেম্বরঃ নির্বাচন কমিশনের একাধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়ে কমিশনের অন্তরে গুরুতর মতবিরোধ তৈরি হওয়া নিয়ে যে রিপোর্ট প্রকাশে এসেছে তা এককথায় নস্যাত করল নির্বাচন কমিশন। তাঁদের তরফে স্পষ্ট জানানো হল, অভ্যন্তরীণ ভিন্নমত স্বাভাবিক তবে সব সিদ্ধান্তই সর্বসম্মতিক্রমে নেওয়া হয়। বিতর্ক সৃষ্টি হওয়ায় একটি বিবৃতি জারি করেছে নির্বাচন কমিশন। তাতে পরিষ্কার করে জানানো হয়েছে, এটি একটি বহু-সদস্য বিশিষ্ট সাংবিধানিক সংস্থা, তাই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে আধিকারিক ও কমিশনারদের মধ্যে মতপার্থক্য বা ভিন্ন মতামত উঠে আসা গণতান্ত্রিক সিদ্ধান্ত গ্রহণের এক স্বাভাবিক ও গঠনমূলক প্রক্রিয়ামাত্র। তবে বিগত বছরগুলিতে কমিশনের যাবতীয়

## বিতর্ক এড়িয়ে পাল্টা বিবৃতি নির্বাচন কমিশনের



গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সর্বসম্মতভাবেই গৃহীত হয়েছে। এক্ষেত্রে কমিশনের পাল্টা দাবি, সংবাদমাধ্যমের একাংশে আংশিক তথ্য তুলে ধরে

বিব্রান্তি তৈরি করার চেষ্টা করা হচ্ছে। কমিশন নিজেদের বিবৃতিতে স্পষ্ট করেছে যে, সংশ্লিষ্ট আইনি ধারা মেনেই নির্বাচন কমিশন সমস্ত

সিদ্ধান্ত ও প্রশাসনিক নির্দেশ জারি করে থাকে। বিগত ১০ মাসের কোটি কোটি নির্দেশের মধ্যে দু-একটি নির্দিষ্ট মন্তব্যকে আলাদা করে তুলে ধরে বিভ্রান্তি তৈরি করা হচ্ছে, যা সামগ্রিক প্রক্রিয়ার একটি অত্যন্ত আংশিক চিত্র মাত্র। তাঁদের ব্যাখ্যা, গত কয়েক মাসে এসআইআর সহ প্রায় ৪০টি নতুন উদ্যোগ ও নির্বাচনী সংস্কার বাস্তবায়িত হয়েছে। বিগত এক বছরে ফুল কমিশনের সর্বসম্মত সিদ্ধান্তেই এসব বাস্তবায়নের পাশাপাশি কেরল, তামিলনাড়ু, পুদুচেরি, অসম, বিহার এবং পশ্চিমবঙ্গের মতো একাধিক রাজ্যে সফলভাবে হেপাট পরিচালনা করা সম্ভব হয়েছে। প্রসঙ্গত, দ্য ইন্ডিয়ান এক্সপ্রেস-এর তদন্তমূলক প্রতিবেদনে উঠে এসেছিল যে, ভোটার তালিকায় নাম তোলা থেকে নাম বাদ দেওয়া, নতুন ভোটারের

● এরপর ৬ পাতায়...

## ‘বাংলার অভিশাপ লেগেছে, সারা দেশে বিজেপির অবস্থা খারাপ’

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৩ সেপ্টেম্বরঃ জাতীয় নির্বাচন কমিশনের একাধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়ে কমিশনের অন্তরে গুরুতর মতবিরোধের খবর সামনে এসেছে। আর সেই নিয়ে এখন তোলপাড় দেশ। বিরোধী রাজনৈতিক শিবির থেকে একের পর এক তোগ দাগা হচ্ছে বিজেপি সরকারের দিকে। এই অবহে ঘোষণে চিকিৎসা করিয়ে বিদেশ থেকে দেশে ফিরেই নির্বাচন কমিশনকে নিশানা করলেন মমতা সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। তাঁর খোঁচা, ‘বাংলার মানুষের অভিশাপ লেগেছে।’ ভোটার তালিকায় নাম তোলা থেকে নাম বাদ দেওয়া, নতুন ভোটারের ফর্ম পূরণ, ভোটার-তথ্যের নিয়ন্ত্রণ, এমনকী পশ্চিমবঙ্গে ভোটারের নাম পুনর্বহাল নিয়ে আপিল - সব নিয়েই কমিশনের সদস্যের মধ্যে মতবিরোধ

## চিকিৎসার পর শহরে ফিরেই কমিশন ইস্যুতে অভিষেক



অভিষেকের কথায়, ‘যদি প্রধানমন্ত্রীর পছন্দের মনোনীত লোক ওই পদে বসে, তাহলে তিনি তো প্রধানমন্ত্রী আর বিজেপি নেতার জন্যই কাজ করবে, এটা স্পষ্ট। সুতরাং আজকে দ্য কাউন্ট ইজ আউট অফ দ্য ব্যাগ।’ তাঁর কটাক্ষ, ‘এটা স্পষ্ট, হয় বলে খবর প্রকাশে এসেছে। সেই নিয়েই অভিষেকের তোপ, ‘যাঁদেরকে সাংবিধানিক পদগুলিতে বসিয়ে এই প্রতিষ্ঠানগুলিকে ব্যবহার করে নিজেদের রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করতে বিজেপির নেতা-মন্ত্রীরা নেমেছিল, আগামী দিন তাঁদেরকে সকলকে শ্রীঘরে থাকতে হবে।’

মারা গেছেন, যাদের লম্বা লাইনে দাঁড় করিয়ে রাখা হয়েছিল ফর্ম ফিলাপের নাম করে, তাঁদের অভিশাপ লেগেছে। এটা বৃথা যাবে না।’ সাংসদের হুঁশিয়ারি, ‘কেউ বাচনেন না। কেউ যদি ভেবে থাকেন যে, যা ইচ্ছা তাই করবেন, জগৎটাকে নিজের মতো নাচানেন আর যেখানে যেখানে পছন্দমতো লোক বসানেন, বিচার ব্যবস্থা থেকে শুরু করে নির্বাচন কমিশন সব তাঁদের হয়ে কাজ করবে, তা হবে না।’ এদিকে ইতিমধ্যে গোটা বিষয়টি নিয়ে বিবৃতি দিয়েছে নির্বাচন কমিশন। তাঁদের সাফাই, ‘অভ্যন্তরীণ ভিন্নমত স্বাভাবিক তবে সব সিদ্ধান্তই সর্বসম্মতিক্রমে নেওয়া হয়। জানানো হয়েছে, এটি একটি বহু-সদস্য বিশিষ্ট সাংবিধানিক সংস্থা, তাই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে আধিকারিক ও কমিশনারদের মধ্যে মতপার্থক্য বা ভিন্ন মতামত উঠে আসা গণতান্ত্রিক সিদ্ধান্ত গ্রহণের এক স্বাভাবিক ও গঠনমূলক প্রক্রিয়ামাত্র। তবে বিগত বছরগুলিতে কমিশনের যাবতীয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সর্বসম্মতভাবেই গৃহীত হয়েছে। এক্ষেত্রে কমিশনের পাল্টা দাবি, সংবাদমাধ্যমের একাংশে আংশিক তথ্য তুলে ধরে বিভ্রান্তি তৈরি করার চেষ্টা করা হচ্ছে।

## ‘ভোট চুরি সংবিধানের বিরুদ্ধে, ফল পেতে হবে’ এসআইআর নিয়ে নির্বাচন কমিশনকে ফের নিশানা রাহুলের

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ২৩ সেপ্টেম্বরঃ ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা এসআইআর নিয়ে ফের নির্বাচন কমিশনকে আক্রমণ করলেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধি। বুধবার সমাজমাধ্যমে একটি ডিভিও পোস্ট করে অভিযোগ করেন, ভোট ‘চুরি’ করা হচ্ছে এবং তা দেশের মানুষের অধিকার ও সংবিধানের উপর সরাসরি আঘাত হানার সমান। এই ঘটনায় বিজেপি, আরএসএস এবং নির্বাচন কমিশনকে কাঠগড়ায় তোলেন তিনি। তবে রাহুলের এই

অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন জানিয়েছে, এসআইআর সংক্রান্ত সমস্ত সিদ্ধান্তই তিন নির্বাচন কমিশনারের সম্মতিতে নেওয়া হয়েছে। ফলে এসব কথার কোনও ভিত্তি নেই। এক্স-এ পোস্ট করে রাহুল বুধবার লেখেন, ‘ভোট চুরি ভারতের মানুষের বিরুদ্ধে অপরাধ এবং সংবিধানের উপর সরাসরি আক্রমণ। বিজেপি, আরএসএস এবং নির্বাচন কমিশন এই কাজে যুক্ত এবং তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।’ ভিডিও বার্তাতেও নির্বাচন কমিশন এবং নির্বাচনী



আধিকারিকদের উদ্দেশ্যে কড়া মন্তব্য করেন লোকসভার বিরোধী দলনেতা। তাঁর দাবি, এসআইআর-

এর নামে যে পদক্ষেপ করা হচ্ছে, তা ভুল এবং দেশের স্বার্থবিরোধী। রাহুলের এই মন্তব্যের পিছনে রয়েছে ‘ইন্ডিয়ান এক্সপ্রেস’-এর বুধবারের একটি প্রতিবেদন। সেখানে দাবি করা হয়েছে, গত ১০ মাসে নির্বাচন কমিশনার সুখবীর সিং সান্থ এবং বিবেক যোশী অন্তত ১৪ বার এসআইআর এবং ভোটার তালিকা সংক্রান্ত বিভিন্ন সিদ্ধান্ত ও নির্দেশ লিখিত আপত্তি জানিয়েছিলেন। একই দিনে চারটি আপত্তি তোলা হয়েছিল বলেও প্রতিবেদনে দাবি করা হয়। আপত্তির

বিষয়গুলির মধ্যে ছিল নতুন ভোটার নথিভুক্তির ফর্ম ৬-এ পরিবর্তন, ভোটার নথি জমা রাখার জায়গায় প্রবেশাধিকার, ভোটারের নাম বাদ দেওয়া এবং ভোটার নাম অত্যন্তভ্রিত প্রক্রিয়া। প্রতিবেদনে দাবি, দুই নির্বাচন কমিশনারের অভিযোগ ছিল, তাঁদের সঙ্গে আলোচনা বা অনুমোদন ছাড়াই কয়েকটি সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। ‘ইন্ডিয়ান এক্সপ্রেস’-এর প্রতিবেদনে আরও দাবি করা হয়েছে, ভোটার তালিকার সফটওয়্যার এবং নতুন তথ্যভাণ্ডার

● এরপর ৬ পাতায়...

### আয়ুর্বেদ দিবসে ধ্বংস্তরি পূজো মুখ্যমন্ত্রী পুঙ্কর সিং খামির, প্রার্থনা রাজ্যবাসীর কল্যাণে

দেহরাদুন, ২৩ সেপ্টেম্বরঃ জাতীয় আয়ুর্বেদ দিবস উপলক্ষে বুধবার দেহরাদুনে মুখ্যমন্ত্রী আবাসনে ভগবান ধ্বংস্তরীর আরাধনা করলেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুঙ্কর সিং খামি। বিশেষ এই তিথিতে শাস্ত্রীয় রীতি মেনে পূজো-অর্চনা সম্পন্ন করেন তিনি।পূজো শেষে মুখ্যমন্ত্রী রাজ্যের সমস্ত নাগরিকের সুস্বাস্থ্য, সুখ, সমৃদ্ধি ও সার্বিক কল্যাণ কামনা করে প্রার্থনা জানান। ঐতিহ্যবাহী ভারতীয় চিকিৎসা ব্যবস্থা ও আয়ুর্বেদের গুরুত্ব স্মরণ করিয়ে দিয়ে তিনি রাজ্যবাসীকে সুস্থ জীবনযাপনের বার্তাও দেন।

### ফেমা আইনে ইডি-র তল্লাশি কলকাতা, দিল্লি ও বেঙ্গালুরুর ১৬টি ঠিকানায় অভিযান

নয়াদিল্লি ও কলকাতা, ২৩ সেপ্টেম্বর : বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের (ফেমা, ১৯৯৯) বিধি লঙ্ঘনের অভিযোগে কলকাতা, দিল্লি এবং বেঙ্গালুরুর প্রায় ১৬টি ঠিকানায় একযোগে তল্লাশি অভিযান শুরু করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। বুধবার তদন্তকারী আধিকারিক সূত্রে জানা গেছে, কলকাতার অন্যতম শীর্ষস্থানীয় ইঞ্জিনিয়ারিং সংস্থা ‘ম্যাকনালি ভারত ইঞ্জিনিয়ারিং কোম্পানি লিমিটেড’ এবং তাদের অধিগ্রহণের সঙ্গে জড়িত বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের ঠিকানায় এই অভিযান চালানো হচ্ছে।কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সূত্রের খবর, সংস্থাটির সাম্প্রতিক অধিগ্রহণ প্রক্রিয়ায় অর্থ লেনদেনের উস এবং সম্ভাব্য বৈদেশিক মুদ্রা ব্যবস্থাপনা আইন লঙ্ঘনের বিষয়টি খতিয়ে দেখতেই এই পদক্ষেপ। উল্লেখ্য, সম্প্রতি ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনালের অধীনে সংস্থাটির কর্পোরেট ডেউলিয়া সমাধান প্রক্রিয়া সম্পন্ন হয়েছিল।তদন্তকারী আধিকারিকরা খতিয়ে দেখছেন, ইনসলভেন্সি অ্যান্ড দেউলিয়া কোডের নিয়ম এায়ি পরোক্ষভাবে সংস্থাটির নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার জন্য কোনও ধরনের আর্থিক অনিয়ম বা বৈদেশিক মুদ্রা সংক্রান্ত আইন ভঙ্গ করা হয়েছে কি না। এই অভিযানকে কেন্দ্র করে সংশ্লিষ্ট মহলে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে আজকে।

### কংগ্রেসের সংস্কৃতি দেশের ব্যাপক ক্ষতি করেছে : দিলীপ ঘোষ



কলকাতা, ২৩ সেপ্টেম্বর : কংগ্রেসের সংস্কৃতি দেশের ব্যাপক ক্ষতি করেছে বলে মন্তব্য করেছেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ। বুধবার সকালে কলকাতায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, কংগ্রেসের সংস্কৃতি দেশের ব্যাপক ক্ষতি করেছে এবং সেই সংস্কৃতির অবসান ঘটতে চলেছে। জনগণ বারবারই তা প্রত্যাখ্যান করেছেন।আসন্ন দুর্গাপূজা সম্পর্কে মন্ত্রী দিলীপ ঘোষ আরও বলেন, রাজ্য সরকার মা দুর্গার পূজার জন্য অনুদান দিচ্ছে।পূজো যথাযথভাবে ও ভক্তিতে পালন করতে হবে এবং একে ‘দুর্গা পূজা’ হিসেবেই উল্লেখ করতে হবে- আমাদের মুখ্যমন্ত্রী একথা বলেছেন।

## উচ্ছেদ অভিযান

নয়াদিল্লি, ২৩ সেপ্টেম্বর : দিল্লির শাহিনার বাণের ম্যাজ হাসপাতাল রোডে জ্বরদখল ও বেআইনি নির্মাণের বিরুদ্ধে বড়সড় উচ্ছেদ অভিযান চালাল পুর প্রশাসন। সড়ক সম্প্রসারণ ও জ্বরদখলমুক্ত করার লক্ষ্যে চালানো এই অভিযানে একাধিক বেআইনি কাঠামো ভেঙে গুড়িয়ে দেওয়া হয়েছে। মঙ্গলবার গভীর রাতে এই উচ্ছেদ অভিযান চালানো হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে এবং যে কোনও অপ্রীতিকর ঘটনা এড়াতে এলাকা জুড়ে বিপুল

## যোষণা

দূরন্ত প্রকাশন (গ্রাঃ) লিমিটেড বা তার কোনও এজেন্ট এই সংবাদপত্রে প্রকাশিত কোনও বিজ্ঞানের যথাগতা ও নির্ভরযোগ্যতার ব্যাপারে কোনও ভাবে দাব্যবদ্ধ ন। এই সংবাদপত্রে প্রকাশ করা বিজ্ঞানগুণ্ডলি শুধুমাত্র সরল বিশ্বাসে গ্রহণ করা হয়। এই যোগা ভ্রাতৃত্বসরগার স্পেশাল ক্রাইম ট্রাঙ্কের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

# উন্নয়নশীল দেশের স্বার্থে কর সংস্কারের ডাক নির্মলা সীতারমনের

নয়াদিল্লি, ২৩ সেপ্টেম্বর : ভারতের পৌরহিত্যে দিল্লিতে অনুষ্ঠিত ‘ত্রিকস কর প্রধানদের সম্মেলনে’ ভারতের আধুনিক ও প্রযুক্তিনির্ভর কর ব্যবস্থার কথা তুলে ধরলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন। তিনি জানান, ভারতের ‘ অ্যাসেসমেন্ট’ (অদৃশ্য মূল্যায়ন), আগে থেকেই পুরণ করা আয়কর রিটার্ন, রিয়েল-টাইম চালান যাচাই এবং কৃত্রিম বুদ্ধিমত্তা চালিত করদাতা সহায়তা ব্যবস্থা ত্রিকস সদস্য দেশগুলির মধ্যে বিপুল আগ্রহ তৈরি করেছে।সম্মেলনে আন্তর্জাতিক কর কাঠামো নিয়ে আলোচনা করতে গিয়ে অর্থমন্ত্রী দুটি নতুন কার্যনির্বাহী দল গঠনের প্রস্তাবের কথা জানান। প্রথমত,

## নির্বাচন কমিশনের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুললেন অখিলেশ যাদব



লখনউ, ২৩ সেপ্টেম্বর : ভোটার তালিকা সংক্রান্ত এসআইআর প্রক্রিয়ায় গরমিল নিয়ে নির্বাচন কমিশনের দুই নির্বাচন কমিশনারের আপত্তি সংক্রান্ত একটি সংবাদমাধ্যমের রিপোর্টকে ঘিরে নির্বাচন কমিশনের নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা নিয়ে তীব্র আক্রমণ শাালেনে সমাজবাদী পার্টির সভাপতি অখিলেশ যাদব। গোটি প্রক্রিয়াটিকে গণতন্ত্রকে দুর্বল করার গভীর ব্যস্ত বলে অভিহিত করেছেন তিনি।বুধবার লখনউয়ে এক সাংবাদিক সম্মেলনে অখিলেশ যাদব বলেন, নির্বাচন কমিশনের ভেতরের শীর্ষ আধিকারিকরাই যখন এই ধরণের পদক্ষেপ নিয়ে সরব হন এবং মাত্র ১০ মাসে অন্তত ১৪ বার সরকারি নোটো আপত্তি তোলেন, তখন কমিশন কার হয়ে বা কার

## নির্বাচন কমিশনের ভেতরেও চলছে বুলডোজার ঃঅভিষেক মনু সিঙ্ঘভি

নয়াদিল্লি, ২৩ সেপ্টেম্বর : ভোটার তালিকা সংক্রান্ত এসআইআর প্রক্রিয়ায় অসঙ্গতি নিয়ে নির্বাচন কমিশনের দুই নির্বাচন কমিশনারের আপত্তি সংক্রান্ত একটি সংবাদ মাধ্যমের প্রতিবেদনের প্রেক্ষিতে কেন্দ্র ও মুখ্য নির্বাচন কমিশনারের বিরুদ্ধে তোপ দাগলেন প্রবীণ আইনজীবী তথা কংগ্রেস সাংসদ অভিষেক মনু সিঙ্ঘভি। নির্বাচন কমিশনের অন্তঃতরীণ কার্যপদ্ধতি ও গণতন্ত্রের ভবিষ্য নিয়ে তীব্র আক্রমণ শানান তিনি।বুধবার দিল্লিতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কংগ্রেস নেতা বলেন, গণতন্ত্রকে হত্যা করার জন্য একটি পৃথক দফতর খুলে বসেছে বিজেপি। তারা একপাশে বসিয়েছে মুখ্য নির্বাচন কমিশনারকে, আর অন্যপাশে স্বরাষ্ট্র মন্ত্রককে। আমরা তো বাইরের দৃষ্টভোজারের সঙ্গে আগেই পরিচিত, বিভিন্ন সাংবিধানিক প্রতিষ্ঠানে সেই বুলডোজার আঘাত হানতে আমরা

## সেবা সংকল্প অভিযানে গোঘাটে ‘স্বপ্নের ভারত’ বসে আঁকো প্রতিযোগিতা

আরামবাগ, ২৩ সেপ্টেম্বর : বুধবার হুগলি জেলার গোঘাটের আনুর হাই স্কুল (উচ্চমাধ্যমিক)-এর ছাত্রছাত্রীদের নিয়ে অনুষ্ঠিত হল ‘ স্বপ্নের ভারত’ প্রকল্পের বাস আঁকো প্রতিযোগিতা। সেবা সংকল্প অভিযানের উদ্যোগে আয়োজিত এই প্রতিযোগিতায় পড়ুযাদের সৃজনশীলতা ও কল্পনাশক্তির প্রকাশ ঘটাে দেশের ভবিষ্য নিয়ে শিশুদের ভাবনা ও স্বপ্নকে ছবির মাধ্যমে তুলে ধরাই ছিল এই আযোজনের অন্যতম উদ্দেশ্য। ‘কোটি শিশুর স্বপ্নের ভারত’ প্রকল্পের ভাবনাকে সামনে রেখে আয়োজিত এই প্রতিযোগিতায় বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা উসাহের সঙ্গে অংশগ্রহণ করে। কাগজ ও রঙের মাধ্যমে তারা নিজেদের কল্পনার ভারতকে ফুটিয়ে তোলো। কারও ছবিতে উঠে আসে উন্নত দেশ গড়ার স্বপ্ন, আবার কারও তুলিতে ধরা পড়ে পরিবেশ, শিক্ষা, বিজ্ঞান ও সমাজের নানা দিক। অনুষ্ঠানে ইনচার্জ হিসেবে উপস্থিত

# বিশ্ব গণ্ডার দিবসে নীলপাড়ায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, বন্যপ্রাণী রক্ষায় কড়া বার্তার পাশাপাশি ৫টি প্রদর্শনীর শুভ সূচনা

কলকাতা, ২৩ সেপ্টেম্বর : বিশ্ব গণ্ডার দিবস উপলক্ষে মঙ্গলবার উত্তরবঙ্গ সফরের অংশ হিসেবে আলিপুরদুয়ারের নীলপাড়া এলাকায় আয়োজিত মূল অনুষ্ঠানে যোগ দিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এদিনের বিশেষ অনুষ্ঠানে তিনি প্রধান অতিথি হিসেবে আসন লক্ষ্যত্ব করেন। বন্যপ্রাণী সংরক্ষণ ও বন বিভাগের নানাবিধ কল্যাণমুখী কর্মকাণ্ডকে তুলে ধরতে নির্মিত ৫টি প্রদর্শনীর (স্টল) শুভ সূচনা করেন মুখ্যমন্ত্রী। অনুষ্ঠানে রাজ্য মন্ত্রিসভার সদস্য নিশীথ প্রামাণিক, বিশাল লামা এবং মনোজ কুমার ওরাও উপস্থিত ছিলেন। আয়োজকদের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীকে উ উদ্যরী, পুষ্পসত্তরক এবং একটি গণ্ডার



আন্তর্জাতিক কর ও ট্রান্সফার প্রাইসিং সংক্রান্ত দল। দ্বিতীয়ত, রাজস্ব পরিসংখ্যান সংক্রান্ত দল।উন্নয়নশীল

দেশগুলির রাজস্ব সংকট নিয়ে উদ্বেগ প্রকাশ করে অর্থমন্ত্রী বলেন, ট্রান্সফার প্রাইসিং সংক্রান্ত বিরোধে

উন্নয়নশীল দেশগুলির প্রশাসনকে তুলনামূলকভাবে অনেকটাই বেশি ক্ষতির মুখে পড়তে হয়। এমন কোনো রাজস্ব কাঠামো যা উন্নয়নশীল দেশগুলির আর্থিক বাস্তবতার সঙ্গে খাপ খায় না, তা আমাদের বৈশ্বিক পরিচয় এবং অভ্যন্তরীণ অর্থনৈতিক ধারাগাকে বিকৃত করে। তিনি উল্লেখ করেন, এই বৈঠকে উপস্থিত প্রতিটি দেশই একই ধরনের বাস্তব সমস্যার মুখোমুখি হয়েছে। তাই এই কার্যনির্বাহী দলগুলি দীর্ঘমেয়াদী প্রাতিষ্ঠানিক সুযোগ তৈরি করবে, যাতে এই জটিল বিষয়গুলির বাস্তবসম্মত সমাধান খুঁজে বের করা সম্ভব হয়।

## পুজোর আগে ফের একবার পাহাড় সফরে যেতে পারেন মুখ্যমন্ত্রী

কলকাতা, ২৩ সেপ্টেম্বর আগামী ৭ অক্টোবর দার্জিলিংয়ের লেংয়ে মোচার প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠান রয়েছে। সেখানেই প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে আমন্ত্রণ জানাতে গিয়েছিলেন পাহারে দুই নেতা। সেখানেই ওঁরা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণ জানাতে গিয়েছিলেন। ফলে পুজোর আগে ফের একবার পাহা। সফরে যাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে মুখ্যমন্ত্রীর।মঙ্গলবার বাটিকা সফরে উত্তরবঙ্গ সফরে গিয়েছিলেন মুখ্যমন্ত্রী। একাধিক কর্মসূচি ছিল তাঁর। ব্যস্ততার ফাঁকেইগোর্খা জনমুক্তি মোর্চার সভাপতি বিমল গুরুং এবং সাধারণ সম্পাদক রোশন গিরির সঙ্গে কথা বলেন শুভেন্দু অধিকারী।মঙ্গলবার কোচবিহারে প্রশাসনিক সভা সেরে জলপাইগুড়ির নাগরাকাটায় মূর্তি নগীর উপর নব নির্মিত সেতুর উদ্বোধন করতে যান মুখ্যমন্ত্রী। কস্টারে নামেন তিনি। সেখানেই শুভেন্দু অধিকারীর সঙ্গে দেখা করেন বিমল ও রোশন।চালসার টিয়ারবের হেলিপাডে দীর্ঘক্ষণ তাঁদের সঙ্গে কথা বলেন তিনি। এমনকী বিমল গুরুংকে মুখ্যমন্ত্রীর খুব কাছে গিয়ে কিছু বলতেও শোনা যায়। কি বিষয়ে কথা হয়েছে তখন জানা না গেলেও পরে মোচার প্রতিষ্ঠা দিবসে মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণের কথা প্রকাশে আসেন।মধ্য্য কলকাতার উদ্দেশ্যে রওনা হওয়ার আগে মুখ্যমন্ত্রী বলেন, মোঁচার প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে আমাকে আমন্ত্রণ জানিয়েছে। আমার ইচ্ছা আছে থাকার। বুধবার নবান্ন সূত্রে জানা গিয়েছে, মুখ্যমন্ত্রীর পাহাড় সফরের অবনা খতিয়ে দেখা হবে।

## নেশামুক্ত ভারত অভিযানঃগাঁজা পাচার মামলায় দুই দোষীকে ২০ বছরের কারাদণ্ডের নির্দেশ আদালতের

কলকাতা, ২৩ সেপ্টেম্বর : মাদক পাচারের বিরুদ্ধে আইনি লড়াইয়ে এক বড়সড় সাফল্য পেল পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স । নদীয়া জেলার কৃষ্ণগণের ফার্স্ট অ্যাডিসনাল জেলা ও দায়রা আদালতের বিচারক বিপুল পরিমাণ গাঁজা পাচারের এক গুরুত্বপূর্ণ মামলায় দুই অভিযুক্তকে ২০ বছরের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিয়েছেন। দণ্ডপ্রাপ্ত ব্যক্তিরা আলম মন্ডল এবং আলআমিন মন্ডল। গত ২২ সেপ্টেম্বর প্রদত্ত এক ঐতিহাসিক রায়ে আদালত উভয় দোষীকে দুই লক্ষ টাকা করে জরিমানার নির্দেশও দিয়েছে। অনাদায়ে আরও ছয় মাসের অতিরিক্ত সশ্রম কারাদণ্ড এবং অতিরিক্ত এক লক্ষ টাকা জরিমানা গুণতে হবে।বুধবার সকালে এসটিএফ-এর পক্ষ থেকে এক আনুষ্ঠানিক বিবৃতিতে জানানো হয়েছে, পুরো ঘটনাটি ২০২৪ সালের ১১ ফেব্রুয়ারি। গোপন তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে তৈরি ৪৪৭.২ কেজি গাঁজা বাজেয়াপ্ত করা হয়। ঘটনার স্থান থেকেই গ্রেফতার করা হয় দুই পাচারকারী আলম মন্ডল ও আলআমিন মন্ডলকে।হাই-প্রোফাইল এই মামলার তদন্তের দায়িত্ব দেওয়া হয়েছিল তদন্তকারী আধিকারিক মহিতোষ রায়কে। তিনি জৈগাচিন উপায়ে সমস্ত প্রমাণ সংগ্রহ করে নির্দিষ্ট সময়ের মধ্যে আদালতে চার্জশিট পেশ করেন।মামলা চলাকালীন রাজ্য সরকারের পক্ষে অত্যন্ত শক্তভাবে সওয়াল করেন বিশেষ সরকারি আইনজীবী সুবোধী দান্যায়। নিরুটে তথ্য-প্রমাণ, সাক্ষ্য ও যুক্তির ওপর ভিত্তি করে আদালত দুই অভিযুক্তকেই দোষী সাব্যস্ত করে এই কঠোর সাজা বহাল রাখে। রাজ্য পুলিশের এসটিএফ দফতরের মতে, ‘ নেশামুক্ত ভারত’ গড়ার সামাজিক ও যৌথ অঙ্গীকারের লক্ষ্যে এই রায় এক অত্যন্ত তাপস্পূর্ণ প্রাপ্তি।

## রাজস্থানে ফের বাড়ছে গরম, জয়সলমেরে তাপমাত্রা ৪১.৫ ডিগ্রি

জয়পুর, ২৩ সেপ্টেম্বর : রাজস্থানে বৃষ্টি গিয়ে যাওয়ায় তাপপ্রবাহ আবার তার প্রভাব ফেলতে শুরু করেছে। সেপ্টেম্বরের শেষ দিনগুলিতে রাজ্যের অনেক অংশে মে-জুনের মতো গরম অনুভূত হচ্ছে। মঙ্গলবার, জয়সলমেরে রাজ্যের সবচেঁচ তাপমাত্রা ৪১.৫ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। বিকানের ৪০.৬ ডিগ্রি সেলসিয়াস এবং বারমেরে ৪০.৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। চুরুতেও তাপমাত্রা ৩৯.৬ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে।আবহাওয়া দফতরের মতে, যোধপুর, জয়পুর, আজমের এবং পিলানিসহ রাজ্যের বেশিরভাগ শহরে তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি রয়েছে। আবহাওয়া বিভাগ পূর্বাঙ্গস দিচ্ছে যে, আগামী চার থেকে পাঁচ দিন

আবহাওয়া মূলত শুষ্ক থাকবে এবং গরম বাড়বে। উত্তর-পশ্চিমী বায়ুর প্রভাবে তাপমাত্রা ক্রমাগত বাড়ছে, এবং এবস্ই সঙ্গে আর্দ্রতাও কমছে। আবহাওয়া বিশেষজ্ঞদের মতে, আবহাওয়া়র পরিবর্তনশীল পরিস্থিতির কারণে আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টার মধ্যে রাজস্থানের কিছু অংশ থেকে বর্ষা বিদায় নিতে শুরু করতে পারে। এই বছর বর্ষা মৌসুম দেরিতে শুরু হয়েছে এবং আগস্ট মাসেও বৃষ্টিপাত কম ছিল। অনেক জেলায় স্বাভাবিক বা স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টিপাতের কারণে পশ্চিম রাজস্থানের কিছু এলাকায় খরা পরিস্থিতি বিরাজ করছে। বর্ষা মৌসুমের শেষ পর্য্যয়ে এসেও এই এলাকাগুলোতে পর্যাপ্ত বৃষ্টিপাত হয়নি এবং আগামী দিনগুলোতে আরও বৃষ্টিপাতের

## ইরান শুধরে না গেলে পুরো দেশটাকেই উড়িয়ে দেবো - ট্রাম্প



ইরান,২৩সেপ্টেম্বরঃইরানকে একের পর এক হুমকি দিয়ে চলেছে ট্রাম্প। এবার পুরো দেশটা উড়িয়ে দেবার হুমকি। এহেন পরিস্থিতির মাঝেই কড়া সুরে ইরানকে হুঁশিয়ারি দিলেন মার্কিন প্রেসিডেণ্ট ডোনাল্ড ট্রাম্প (Donald Trump)। জানালেন, ইরান যদি নিজেদের শুধরে না নেয় সেক্ষেত্রে পুরো দেশটাকেই উড়িয়ে দেওয়া হতে পারে। শুধু তাই নয়, ইরানের মাটিতে যে কোনও দিন বড়সড় পদক্ষেপ করা হতে পারে বলেও ইঙ্গিত দিলেন ট্রাম্প। রবিবার এক মার্কিন সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে ইরান ইস্যুতে প্রশ্ন উঠলে ট্রাম্প বলেন, আমার প্রশ্ন হল, আমি কখন কীভাবে পুরো দেশটাকে উড়িয়ে দেব? তার চেয়ে বরং ওদের উচিত নিজেদের শুধরে নেওয়া। ইরানের ক্ষেত্রে আমেরিকার পরবর্তী পদক্ষেপ কী হতে পারে তার আভাসও দিয়েছেন ট্রাম্প। তিনি বলেন, চাইলে তিনি দেশটিকে পুরোপুরি ধ্বংস করে দিতে পারেন, আবার অর্থনৈতিকভাবে পঙ্কু করে দিতে পারেন। আবার যদি মনে হয় তবে কূটনৈতিক সমাধানের পথে হটা যেতে পারে। তবে খুব শীঘ্রই যে বা। কিছু ঘটতে চলেছে, তার ইঙ্গিত দেন ট্রাম্প। সম্প্রতি ইরানের পার্লামেন্টে দেশটির স্পিকার বাঘের ঘালিবাফ জানিয়েছেন, এখনই উপযুক্ত সময় বিচক্ষণতা ও দৃঢ়তার সঙ্গে লড়াই এবং একই সঙ্গে আলোচনা চালিয়ে যাওয়ায়। তিনি বলেন, ইরানে কূটনৈতিক অবস্থান অত্যন্ত স্পষ্ট। আমরা কোনও আপসে যেতে রাজি নয়। কোনওরকম প্রতারণা বা একতরফা সিদ্ধান্ত চাপিয়ে দেওয়ার পথ বন্ধ। সমস্ত শর্ত আমেরিকার কাছে পাঠানো হয়েছে বলেও জানান তিনি।

## আবার যুদ্ধের দামামা - আফগানিস্তানে প্রবল আক্রমন পাকিস্তানের



বিশ্ব সংবাদ সংস্থা,২৩সেপ্টেম্বরঃআবার আফগানিস্তান ও পাকিস্তানের লড়াই। এই যুদ্ধ শেষ হবার নয়। এমনতেই পাকিস্তানের অভ্যন্তরে য়োর আর্থিক সংকট, তার মধ্যে যুদ্ধর উদ্দামনা। আবারও আফগান সীমান্ত পেরিয়ে বিমান হামলা চালাল পাক সেনা (Pakistan Airstrike in Afghanistan)। দেশটির কুনার প্রদেশে শেখরাতের দিকে এই হামলা চলে। ঘটনায় হতাহতের তথ্য এখনও স্পষ্ট নয়। তবে এই হামলায় এখনও পর্যন্ত ৩ জরুর মৃত্যুর খবর মিলেছে। হামলার কড়া নিষা করণেছে আফগানিস্তানের তালিবান সরকার। অভিযোগ, সাধারণ মানুষের বাড়ি লক্ষ্য করে এই হামলা চালানো হয়। হামলা হয়েছে আফগানিস্তানের পাকতিকা প্রদেশেও। জানা গিয়েছে, রাত সাড়ে ৩টো নাগাদ কুনারে নুরগল জেলার পতং এলাকায় অত্যন্ত কম উচ্চতা দিয়ে উড়ে সাধারণ মানুষের বাড়ি লক্ষ্য করে বোমা ফেলে বিমানগুলি। হামলার জেরে বহু বাড়ি ধ্বংস হয়ে গিয়েছে। এই হামলায় ঠিক কতজনের মৃত্যু হয়েছে তা এখনও স্পষ্ট নয়। ক্ষয়ক্ষতির সম্পূর্ণ হিসেব এখনও সামনে আসেনি। একাধিক সংবাদমাধ্যম সূত্রে জানা যাচ্ছে, কুনারের পাশাপাশি পূর্ব আফগানিস্তানের পাকতিকাতেও হামলা চালিয়েছে পাক বিমানবাহিনী। উল্লেখ্য, ২০২১ সালে কাবুলের নিয়ন্ত্রণ নেওয়ার পর থেকেই তালিবান সরকারের সঙ্গে পাকিস্তানের বিরোধ চলছে। নাস্প্রতক অন্তিতে রক্তক্ষয়ী সংঘর্ষে লিপ্ত হয়েছিল দুই দেশ। হামলা এবং পালটা হামলায় উত্তপ্ত হয়ে উঠেছিল পরিস্থিতি। পাকিস্তানের অভিযোগ, তালিবান আফগান ভূখণ্ডে জঙ্গিদের আশ্রয় দিচ্ছে। সেদেশের মাটি ব্যবহার করে তারা জঙ্গিকার্যকলাপ চালাতে মদত দিচ্ছে। কিন্তু কাবুল এই অভিযোগে বারবার খারিজ করেছে। এই অবস্থায় সন্ত্রাসের অভিযোগে তুলে দফায় দফায় তুরান্ড লাইন পেরিয়ে আফগানিস্তানে বিমান হামলা চালিয়েছে পাকিস্তান। যার জেরে মৃত্যু হয়েছে সেখানকার বহু সাধারণ নাগরিকের।

## মেঘালয়ে বড় থান্কা ইউডিপি-র, বিজেপিতে যোগ দিলেন ৮ বিধায়ক



নয়াদিল্লি, ২৩ সেপ্টেম্বর : উত্তর-পূর্বের রাজনীতিতে বড়সড় রাজনৈতিক ঘটনাবল। মেঘালয়ের অন্যতম প্রধান আঞ্চলিক দল ইউনাইটেড ডেমোক্রেটিক পার্টি-র ৮ জন বিধায়ক আনুষ্ঠানিকভাবে ভারতীয় জনতা পার্টিতে যোগ দিলেন। বুধবার দিল্লিতে এক সাংবাদিক বৈঠকে তাঁদের বিজেপিতে স্বাগত জানান কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজ্জু।সাংবাদিক বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী বলেন, মেঘালয় বিধানসভার ৮ জন নির্বাচিত বিধায়ককে আমরা বিজেপি পরিবারে স্বাগত জানাচ্ছি। তাঁরা মেঘালয়ের অত্যন্ত প্রভাবশালী আঞ্চলিক দল ইউডিপির সদস্য ছিলেন। দলবদলের কারণ তুলে ধরে রিজ্জু বলেন, গত ১২ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে উত্তর-পূর্ব ভারত ও মেঘালয়ে যে অভূতপূর্ব উন্নয়ন ও রূপান্তর ঘটেছে, তা দেখেই তাঁরা এই সিদ্ধান্ত নিয়েছেন। উত্তর-পূর্বের মানুষের সঙ্গে নরেন্দ্র মোদীর আত্মার যোগাযোগ তৈরি হয়েছে এবং বিজেপি এই অঞ্চলের উন্নয়নের রাজনীতিকে সম্পূর্ণ বদলে দিয়েছে। এই সমস্ত বিধায়কেরা মোদীজির নেতৃত্ব ও বিজেপি সরকারের কাজে গভীরভাবে প্রভাবিত হয়েই বিজেপিতে যোগ দিলেন।

অমৃতসরে এনকাউন্টার। পাকড়াও কুখ্যাত গ্যাংস্টার হরমনবীর অমৃতসর, ২৩ সেপ্টেম্বর (হি.স.) গোপন সূত্রে খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে এক ওয়াটেড গ্যাংস্টারকে এনকাউন্টারের পর পাকড়াও করল অমৃতসর পুলিশ। বুধবার ঘটনাটি ঘটেছে অমৃতসরের মাতওয়াল গ্রামে। পুলিশ ও গ্যাংস্টারের মধ্যে তীব্র গুলির লড়াইয়ে পায়ে গুলি লেগে আহত হয় ওয়াটেড দুস্কৃতী হরমনবীর সিং। অন্যদিকে, গ্যাংস্টারের ছোড়া গুলি লেগে, মাতওয়াল গ্রাম এলাকায় ওয়াটেড গ্যাংস্টার হরমনবীরের উপস্থিতি নিশ্চিত করে অভিযান চালায় পুলিশ বাহিনী। পুলিশের উপস্থিতি টের পেয়েই পালানোর উদ্দেশ্যে গুলিবর্ষণ শুরু করে এই গ্যাংস্টার। একটি বুকেট খুব কাছ দিয়ে বেরিয়ে যাওয়ায় একটুর জন্য প্রাণে বিচলন কর্তব্যরত এক পুলিশ আধিকারিক। আত্মরক্ষার্থে পুলিশও পালটা গুলি চালালে

## রাশিফল

মেঘঃআজকের দিনটি আপনার জন্য নতুন সুযোগ এবং গুরুত্বপূর্ণ অগ্রগতির দ্বার খুলে দিতে পারে। আপনার আত্মবিশ্বাস দৃঢ় থাকবে এবং তা আপনাকে দায়িত্ব সফলভাবে পালন করতে সহায্য করবে। সংসারে শান্তি হতে পারে।
বৃষঃ আজ আপনার কঠোর পরিশ্রম ও ধৈর্যের সুফল পাওয়ার সম্ভাবনা রয়েছে। কর্মক্ষেত্রে সহকর্মীদের স্বীকৃতি ও প্রশংসা আপনার আত্মবিশ্বাস বাড়িয়ে তুলবে।
মিথুনঃ একটি খুশির সংবাদ পাওয়া সম্ভবপর। আপনি যদি বিদেশের কোনও জমিতে বিনিয়োগ করে থাকেন তবে আজ এটি একটি ভাল দামে বিক্রি করা যেতে পারে, যা আপনাকে লাভ অর্জনে সহায়তা করবে।সংসারে শান্তি হতে পারে।
কর্কটঃআজ আপনার জীবনে অনেক নতুন সম্ভাবনা আসবে। আপনার মন নতুন শক্তি সঞ্চারিত হবে, যা আপনাকে নিজের লক্ষ্য অর্জনের জন্য আরও উৎসাহিত করবে। বিবাহের যোগ হতে পারে।
সিংহঃ গর্ভবতী মায়েরদর জন্য বিশেষ যত্নের দিন। আর্থিক দিকে উন্নতি নিশ্চিত। যদি প্রয়োজন হয় তাহলে বন্ধুরা আপনার সাহায্যে এগিয়ে আসবে। প্রেমের দেবতার বাণের হাত থেকে বাঁচর সুযোগ কম। আর্থিক উন্নতি হতে পারে।
কন্যাঃআজ আপনার জীবনে একটি নতুন সূচনার দিন। নিজের চিন্তা ও অনুভূতিগুলি স্পষ্টভাবে প্রকাশ করার সময় এসেছে। কর্মজীবনে সহকর্মীদের কাছ থেকে সহযোগিতা পাবেন, যা আপনার প্রকল্পগুলিকে নতুন দিশা দেবে। আর্থিক বিষয়ে সতর্ক থাকা প্রয়োজন।শুভদিন হবে
তুলাঃ হতশািপূর্ণ মনোভাব উপেক্ষা করা উচিত কারণ এটি শুধু যে আপনার সম্ভাবনা হ্রাস করবে তাই নয়, তার পাশাপাশি শারীরিক সমস্বয়কেও নষ্ট করবে। শুভদিন।
বৃশ্চিকঃ আপনার সম্পর্কগুলিও আরও দৃঢ় হবে। বিশেষ করে প্রেমের জীবনে প্রিয় মানুষের সঙ্গে আরও ঘনিষ্ঠতা ও বোঝাপড়া অনুভব করবেন। বিবাহের যোগ হতে পারে
ধনুঃ আজকের দিনটি আপনার জন্য শক্তি ও উসাহে ভরা থাকবে। মকরঃআজ মকর রাশির জাতক-জাতিকাদের জন্য প্রত্যাশায় ভরা একটি দিন হবে। শুভদিন হবে।
কুম্ভঃ আপনার ইতিবাচক মনোভাব আপনার চারপাশের মানুষদের মুগ্ধ করবে। সংসারে শান্তি হতে পারে।
মীনঃ বিবাহের যোগ হতে পারে। সংসারে শান্তি হতে পারে আজকে। সন্তান হতে পারে আদকে। কাজের যোগ হতে পারে আজকে।

## আবহাওয়া

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপটি দ্রুত শক্তি সঞ্চয় করে অতি গভীর নিম্নচাপে পরিণত হতে চলেছে। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, বুধবার রাতের মধ্যে ওড়িশা ও অন্ধ্রপ্রদেশ উপকূল বরাবর স্থলভাগ অতিক্রম করার সম্ভাবনা রয়েছে অতি গভীর নিম্নচাপটি। দক্ষিণবঙ্গের সর্বত্রই আগামী চার দিন দুর্যোগপূর্ণ আবহাওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে। বিশেষ করে উপকূলবর্তী জেলাগুলিতে ঘণ্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার গতিবেগে দমকা ঝোড়ো হামা়া বইতে পারে। সাগর অত্যন্ত উত্তাল থাকার কারণে আগামী ২৫ সেপ্টেম্বর পর্যন্ত সমুদ্রে বাড়ার ওপর কড়া নিষেধাজ্ঞা জারি করেছে প্রশাসন। যাঁরা ইতিপূর্বে সমুদ্রে গিয়েছেন, তাঁদেরও দ্রুত কূলে ফিরে আসার নির্দেশ দেওয়া হয়েছে।দক্ষিণবঙ্গের আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আগামী চার দিন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সর্বত্রই হালকা থেকে মাঝারি বৃষ্টি চলাবে। তবে উপকূল ও পশ্চিমবঙ্গের পাঁচ জেলায় বৃষ্টির দাপট সবচেয়ে বেশি থাকবে। দক্ষিণ ও উত্তর ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। দক্ষিণবঙ্গের পাশাপাশি বৃষ্টির দাপট বাড়বে উত্তরবঙ্গেও। আবহাওয়া দফতর সূত্রের খবর, উত্তরের ওপরের দিকের পাঁচটি জেলা-দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহারে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সম্ভাব্য দুর্যোগ মোকাবিলায় নবান্ন থেকে সম্প্রস্টি জেলা প্রশাসনগুলিকে সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে।আজকের সর্বোচ্চ তাপমাত্রা হয় ৩১ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন হয় ২৬ ডিগ্রী সেলসিয়াস।

আপেক্ষিক আর্দ্রতা আজ হতে পারে ৯৪ শতাংশ এবং সর্বনিম্ন ৭৯ শতকরা আবহাওয়া দপ্তর থেকে জানা।

## জোয়ার-ভাটা

জোয়ার-সকাল ০৮টা ৫০মিনিট এবং রাত ০৯টা ৫১মিনিট।
ভাটা-বেলা ০১টা ৪২মিনিট এবংরাত ১১টা ৪০ মিনিট।
সূর্যওউদয় সকাল ৫ টা ৬৩মিনিটে এবং অস্তয় অস্ত্র যাবে আজ ৫টা ২৩মিনিটে হতে পারে।

কেন্দ্র সংবাদদাতা, বারুইপুর :  
এবিপি নেতা সাইমন মল্লের  
উপরি হামলার ঘটনায় পাঁচজনকে  
শ্রেফতার করলেও উত্তর কাশিপুর  
খানার পুলিশ ডাঙড কলেজকে  
কেন্দ্র করে সাম্প্রতিক আন্দোলনের  
অন্যতম মুখ ছিলেন এই সাইমন  
হামলার ঘটনায় রাজনৈতি-  
চাপানউত্তরে শুরু হয়েছে  
এলাকায় পুলিশ ও স্থানীয় সূত্রে  
জানা গিয়েছে, মঙ্গলবার সকালে  
বারাি থেকে বারুইপুরের উদ্দেশে  
গিয়েছিলেন সাইমন মল্ল  
জমিরগাছি এলাকায় পৌঁছতেই তাঁর  
উপর হামলা চালানো হয় বলে  
অভিযোগ। হামলার ঘটনায়  
এইএসএফের কর্মী সমর্থকদের  
বিক্রমে অভিযোগ তুলেছেন  
এবিপি। যদিও অভিযোগের  
কোনও অভিসূক্তদের পক্ষ থেকে  
কোনও প্রতিক্রিয়া এখনও পাওয়া  
যায়নি।হামলায় গুরুতর আহত হন  
সায়ন। তাঁকে প্রথমে জিরানগাছা  
প্রাথমিক হাসপাতালে নিয়ে যাওয়া  
হয়। সেখানে প্রাথমিক চিকিৎসার  
পর চিকিৎসরা তাঁকে কলিকাতার  
আর জি কর মেডিক্যাল কলেজ ও  
হাসপাতালে ফেরান বলে। খবর  
পেয়ে হাসপাতালে পৌঁছান বিজেপি  
নেতারা ও তাঁরা ঘটনায় জড়িতদের  
দ্রুত শ্রেফতারের দাবি জানান।আর  
অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্তে  
নামে উত্তর কাশিপুর খানার পুলিশ  
তদন্তের অংশ হিসেবে ঘটনাস্থল ও  
সমিল্প এলাকার সিটিগিডি ফুট্রোজ,  
বিলুপি ভিত্তিও এবং সোয়ান তথ্য  
সংগ্রহ করা হয়। সেই তদন্তের  
ভিত্তিতেই পাঁচজনকে শ্রেফতার করা  
হয়েছে বলে পুলিশ সূত্রে জানা  
গিয়েছে। যুগেরে বুধবার বারুইপু-  
রমুকুমা আদালতে পেশ করা হয়।  
হামলার প্রকৃত কারণ এবং ঘটনায়  
আরও কতই জাতি রয়েছে কি না,  
তা ভিত্তিতে দেখছে পুলিশ। পুরো  
ঘটনার তদন্ত চলছে।

দেড় লক্ষের বেশি  
শূন্যপদ পূরণে সিদ্ধান্ত  
নিল মন্ত্রীসভা

নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ২৩  
সেপ্টেম্বর : রাজ্য সরকারের বিভিন্ন  
দপ্তরের প্রায় দেড় লক্ষের বেশি  
শূন্যপদ পূরণে সিদ্ধান্ত নিল মন্ত্রীসভা।  
আজ নবাবে মুখ্যমন্ত্রী শুভেন্দু  
অধিকারী নেতৃত্বে মন্ত্রী সভার বৈঠক  
অনুষ্ঠিত হবে। ওই বৈঠকে সিদ্ধান্ত  
হয়েছে, চলতি অর্থ বৎসরে আগামী ৬  
মাসের মধ্যে ১লক্ষ ৫১ হাজার  
নিয়োগ হবে। রাজ্য পুলিশে  
২১০০০ শূন্য পদ পূরণ করা হবে।  
কলকাতা পুলিশের ৪০০০ কর্মী  
নিয়োগ হবে বলে নবাব সূত্রে খবর।  
এছাড়া বেশিরভাগ দপ্তরে দীর্ঘদিন  
ব্যব প্রকাশ কর্মী নিয়োগ করা যাব।  
ফলে প্রশাসনিক কাজে অসুবিধা  
হচ্ছে বলে মুখ্যমন্ত্রী কাছে আবেগ  
জানিয়েছিলেন আধিকারিকরা। সেই  
মতো এও উল্লেখ করলেন।  
বলে নবাব সূত্রে খবর। এছাড়া  
এদিনের মন্ত্রী সভার ঠেঠকে পূর্ব  
মেদিনীপুরের নিমতোড়িতে নতুন  
সংশোধনাগার তৈরি সিদ্ধান্ত নেওয়া  
হয়েছে। রাজ্যে বিজেপি সরকার  
গঠন করার পরে মুখ্যমন্ত্রী জানিয়ে  
দিয়েছিলেন স্বাস্থ্য দপ্তর থেকে আয়ুর্ষ  
বিভাগ সরিয়ে নিয়ে পৃথক দপ্তর  
তৈরি করার হবে।

নিজস্ব স্ববাদাদাতা,কককাতা, ২৩  
সেপ্টেম্বর : দক্ষিণেশ্বরে মা  
ভবতাবিগিরি পুজো দিয়ে বাড়ি  
ফেরার পথেই মুন্ডিকা পবিত্রতা  
বালি স্টেশনে হাওড়াগামী ট্রেনে  
ওড়ার সময় প্রবল ডিউয়ে মধ্যে  
পড়ে ট্রেন ও প্ল্যাটফর্মের ফাঁকে  
পড়ে মৃত্যু হাল এক পুণ্যার্থী।  
গুরুতর আহত হয়েছেন আর  
দু'জন। মৃতের নাম সুধাংশু কুমার  
নামকীর্তন। আহত সুকুমার রায় ও  
নামসিং চন্দ্র গড়ইয়ের চিকিৎসা  
চলছে। সুকুমারকে আশঙ্কাজনক

কিন্তু স্বাধীনতা, কলকাতা, ২০০৬।  
কাল ক্রি দে উপলক্ষে মঙ্গলবারের  
রাষ্ট্রীয় দেখা গেলে সাইক্লিস্ট  
পরিবেশবান্ধব যাতায়াত, দূষণ  
জীবনাপনের বার্তা সামনে রেখে  
র্যালিতে অংশ নেন প্রায় ২৫০  
Community Alliance (WBCA), Sports  
(K&S) এমি বিয়ম ক্লাব, বয় সংগ  
কমিউনিটি সংগঠনের প্রতিনিধিরা  
সাইক্লিংপ্রেমী যোগ দেন।সকাল  
১০টা নাগাদ পৌঁছান তৈরিক পাসবরনে  
শুরু হয়। অপর ঘণ্টা পালিয়ে  
সাইক্লিস্টরা শহরের বিভিন্ন রাস্তা  
শ্যামবাজার পাঁচামাথার মোড়ে পৌঁ  
ছান।দূষণের যাতায়াতে সাইক্লিং  
বান্ধবেন, দূষণ নিয়ন্ত্রণ এবং নি

জৈন সংবাদদাতা, কলকাতা, ২৬  
সেপ্টেম্বর : নন্দীগ্রাম বিধানসভা  
কেন্দ্রের উপনির্বাচনের আগে  
জেলাবিশিষ্ট কংগ্রেস প্রার্থী মিলন  
প্রসন্নদাস জামিনের আবেদন  
কলকাতা হই কোর্টে। ৬ অক্টোবর  
সন্ধ্যা ৬ টায় নন্দীগ্রাম উপনির্বাচন। তার আগে  
বুধবার বিচারপতি তীর্থধর ঘোষের  
অজ্ঞানসে জামিনের আবেদন  
জানান মিলনের আইনজীবী।  
তারপরেই আগে দ্রুত শুনানির  
আজ্ঞাও জানানো হয়েছে। আদালত  
মামলা দায়েরের অনুমতি দিয়েছে  
যেহেতু জানা গিয়েছে ফলে চলতি  
সপ্তাহেই মিলনের জামিনের  
আবেদন নিয়ে শুনানি হতে পারে।  
মিলন প্রধান বর্তমানে ২০০৭  
সালের নন্দীগ্রাম আন্দোলন-পর্বের  
পুরনো মামলায় জেলা হেফাজতে  
বন্দী রাখা হয়েছিল। একধর মামলায় তার  
বিরুদ্ধে দীর্ঘদিন ধরে প্রেক্ষিত  
পরোয়ানা ছিল। গত ১৮ সেপ্টেম্বর  
পূর্ব মেদিনীপুরের চণ্ডীপুর থানা  
এলাকায় একটি জায়গা থেকে  
মিলনের একটি কার্যক্রম পুলিশ।  
পরিদর্শন হলদিয়া মহকুমা আদালত  
তারক ৬ অক্টোবর পর্যন্ত  
বিচারবিভাগীয় হেফাজতে পাঠায়।  
পরে বেজুর থানার একটি  
মামলাতেও তাঁকে ৬ অক্টোবর পর্যন্ত  
হেফাজতে রাখার নির্দেশ দেওয়া  
হয়। পুলিশের দাবি, ২০০৭  
সালের নন্দীগ্রাম ও খেজুর



লাকার একাধিক মামলায় মিলনের বিরুদ্ধে অজমিনযোগ্য প্রেফতারি পরোয়ানা কার্যকর ছিল। তাঁর বিরুদ্ধে খুন, খুনের চেষ্টা, অপহরণ, প্রমাণ লোপাট, বেআইনি জমায়েত এবং অস্ত্র-সহ একাধিক অভিযোগ রয়েছে বলে পুলিশ জানিয়েছে। এই পরিস্থিতিতেই মিলনের আইনজীবীরা কলকাতা কোর্টের দ্বারস্থ হন। প্রথমে তাঁর বিরুদ্ধে থাকা নারক কয়েকটার মামলায় বাতেন অনুগত করে প্রেফতার করা না হয়, সেই রক্ষাকবচ চাওয়া হয়, যে মামলাগুলির ক্ষেত্রে মিলন 'আরেস্ট'-এর আশঙ্কা প্রকাশ করেছিলেন, সেগুলিতে তাঁর বিরুদ্ধে আর পরক্ষেপ বাত হবেন না।

মাজার বজ্রবোম্বের পর ওই আবেদনে  
মাপাতত আলাদা কোনও অন্তর্বর্তী  
নির্দেশের প্রয়োজন নেই বলে  
আদালত জানায়। এরপরই মূলত  
জামিনের পথে এগোয় কংগ্রেস।  
কারণ, বর্তমান হোফাজতের মেয়াদ  
৬ মাসের।



ভাটের একেবারে আগে পর্যন্ত  
গড়াচ্ছে। ৬ অক্টোবর ভোট হওয়ার  
এবং ৪ অক্টোবর প্রচারপর্ব শেষ  
হওয়ার কথা থাকায় মিলন জেলবাগি  
৬ থাকলে নির্বাচনী প্রচারণার  
বদলসারি অংশ নেওয়ার সুযোগ  
থাকবে না। সেই কারণেই দ্রুত  
জামিনের শুমানির জন্য আদালতের  
খাড়াচ্ছে আবেদন জানিয়েছেন তার  
উপনির্বাহন রাজনৈতিক ভাবেও  
মাইনজীবী। নগদিগ্রামের এইই  
উপনির্বাহন রাজনৈতিক ভাবেও  
শুক্রবস্তুপূর্ণ। ২০২৬ সালের  
বিধানসভা নির্বাচনে একই সঙ্গে ন

ফায়ার স্টেশনের প্রকল্প ঘোষণা করা হয়েছে। ১,৪০০ জন কর্মী - যারকল ইঞ্জিন অপারেটর, ফায়ার এবং সাব-অফিসার - নিয়োগের প্রক্রিয়াও প্রস্তাব করা হয়েছে। সদরকার ২,৫০০ অতিরিক্ত পদ সৃষ্টির প্রস্তাব রয়েছে। সরকার মদমকল কর্মীদের কল্যাণের দিকেও লক্ষ্য রাখছে, যার মধ্যে স্বাস্থ্যবিধির নিয়মিত কর্মীদের জন্য বার্ষিক ছুটিদিনের বেতনের সমতুল্য ভাতা এবং চিকিৎসাভিত্তিক অক্সিলিয়ারি ফায়ার অপারেটরের জন্য মাসিক ভাতা হিসেবে ২,০০০ টাকা ভাতা চালুকরা হয়েছে। কলকাতায় মদমকল কর্মীদের জন্য আর্থিক ব্যারাক ও আবাস সুবিধারও ঘোষণা করা হয়েছে। অপিনির্বাণ ও জরুরি প্রতিক্রিয়ার পাশাপাশি, মদমকল ফায়ার সফট অডিট, পরিদর্শন, মক ড্রিল এবং প্রশিক্ষণের মাধ্যমে অপিনির্বাণের ও অগ্নি নিরাপত্তা সচেতনতার উপর জোর দেওয়া হচ্ছে। মূল লক্ষ্য হল একটি দ্রুত, দক্ষ এবং প্রযুক্তি-নির্ভর মদমকল ও জরুরি পরিষেবা গড়ে তোলা, যা জরুরি পরিস্থিতিতে দ্রুত বাহ্যমানুষের কাছে পৌঁছাবে পাঠক।

জীবন বাঁচাবে এবং পরিমবদ্য জুড়ে ক্ষয়ক্ষতি কমিয়ে আনবে।

# মিন চেষ্টে মিলন প্রধান

দিগ্রাম ও ভবানীপুর কেন্দ্র থেকে জমী হন শুভেঃঃ অধিকারী। পরে গণ্যদিগ্রাম আসনটি ছেড়ে দেওয়ায় সেখানে উপনির্বাচন হচ্ছে। নির্বাচনে কংগ্রেস মিলন প্রধানকে প্রার্থী করেছে। তৃণমূল কংগ্রেস তাদের প্রার্থী প্রতাহার করে নেওয়ার পর কংগ্রেস প্রার্থীকে সমর্থনের কথা বলেছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন শিবির। অন্যদিকে, বিজেপি নগদীগ্রামে হাসিরানি রাখতে প্রার্থী করেছে। মিলনের প্রেক্ষতার সময় নিয়েও রাজনীতিতে বিতর্ক তৈরি হয়েছে। কংগ্রেসের তরফে প্রেক্ষতার সময় নিয়ে প্রশ্ন তোলা হয়েছে। অন্যদিকে, পুলিশ ও রাজ্যের বক্তব্য, দীর্ঘদিন ধরে কার্যকর থাকা আদালতের পরোয়ানার ভিত্তিতেই আইনগত পদক্ষেপ করা হয়েছে। এই দুই বক্তব্যের মধ্যেই এখন চলছে হাট কাটের দিকে। মিলন প্রাধান্যের জামিনের আবেদন আদালত গ্রহণ করে শুনারি জন্য আবেদন নেয় কি না, এবং শুনারি পর তাঁকে ভোটের আগে জেল থেকে বেরোনার সুযোগ দেওয়া যায় কি না—এখন সেই প্রশ্নই সামনে। আপাতত নগদীগ্রাম উপনির্বাচনের মাত্র কয়েক দিন আগে কংগ্রেস প্রার্থীর অবস্থা অনেকটাই নিঃশঙ্ক। আদালতের পরবর্তী সিদ্ধান্তের উপর।

জেল্লা বন্দোপাধ্যায়, মৈপীঠ, ২৬  
সেপ্টেম্বর'র বঙ্গোপসাগরে  
প্রতীকূল আবহাওয়ার আশঙ্কা।  
তার জেরে আগামী ২৬ থেকে ২৫  
সেপ্টেম্বর পর্যন্ত সমুদ্রে মাছ ধরতে  
যাওয়ার ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি  
করা হয়েছে। মৎস্যজীবীদের সতর্ক  
করতে এবার মৈপীঠ কোস্টাল  
থানার পক্ষ থেকে উপকূলবর্তী  
এলাকায় মাইনিং করা হলাধুবধার  
বারুইপুর পুলিশ জেলার মৈপীঠ  
কোস্টাল থানার ওসি জাহির মন্ডল  
সহ একাধিক পুলিশ কর্মী গদগার  
১-র পাতার পর-পাণ্ডার তালিকায় থাকছে অতিরিক্ত প্রাপ্তিও। পূর্ব ঘোষণা অনুযায়ী, মেমো নম্বর ২৮৩৪-এফ(পি২) মেনে অক্টোবর মাসের বেতনের সঙ্গেই সরকারি কর্মীরা পাবেন তাঁদের বর্ষান্ত্র মহাশ্র ভাতা এবং অসমরপ্রভা পাবেন ডায়ারির সেরিলিফ। ফলে পৃথক মূখে অনেকটাই বেশি টাকা পকেটে নিয়ে উৎসবে মেতে ওঠার সুযোগ পাবছেন কর্মচারীরা। নবান্নের জারি করা এই নির্দেশে ট্রেন্জারি ও ডিডিও-দের নির্দেশ দেওয়া হয়েছে যেন নির্ধারিত তারিখের অনেক আগেই সমস্ত বিল ও অ্যাবডাইন্স জমা দেওয়া হয়, যাতে ১৫ অক্টোবরের নির্দিষ্ট সময়ের মধ্যে প্রত্যেকের আকাউন্টে টাকা জমা হওয়া নিশ্চিত করা যায়। প্রতি বছরে পূজোর আগে সরকারি কর্মীদের সুবিধার জন্য নবান্নের তরফে আগাম বেতন ছাড়ার নিয়ম রয়েছে। এবারও যষ্ঠার আগে বেতন ও ডিএ বকেয়া মোটানোর ফলে পূজোর কনোকাটায় যে জোয়ার আসবে, বলে মনে করা হচ্ছে।

### ‘পুরনো লিস্টে নতুন করে ভোটের

১-র পাতার পর-পুরোটাই হাইজ্যাক করেছিল বিজেপি। সীমা খান্নার ভূমিদাগ ও খতিয়ে দেখতে হবে। তাকে প্রথম এক্সপোজ করেছিলেন অভিযেক বন্দ্যোপাধ্যায়। এই পরিপ্রেক্ষিতে তিনি এসআইআর-এর নতুন মানে ব্যাখ্যা করেন। মমতার মতে, এটি এখন - স্পেশাল ইন্সপেক্টিড ফর কলিং পাটি! জ্ঞানেশ কুমারকে ফের একবার আক্রমণ করে মমতা বলেন, “যাঁর ভানিশি হওয়ার দরকার সে ভানিশি হলেই বিজেপির সম সম্ব হয়ে যাবে। এই যোরাটা ওঁর জন্য নয়। এসআইআরের নামে ইভিএম দখল করে, হাইজ্যাক করে জ্ঞানেশ কুমারের বিরুদ্ধেই জিতিয়েছে।” এই ক্ষেত্রেই সীমা খান্নার নাম নিয়ে সরব হব মমতা। বলেন, তাঁর যাঁরা মদতদাতা তাঁদের প্রেক্ষতার দরকার। আসলে ২৬-এর নির্বাচনের অনেক আগেই সীমা খান্নার ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছিলেন অভিযেক বন্দ্যোপাধ্যায়। দাবি করেছিলেন, উনি (সীমা খান্না) নিজেরই স্বীকার করেছিলেন যে, কমিশনের আপ্তে গোলযোগ আছে। অভিযেকের অভিযোগ ছিল, এসআইআর-এ কমিশনের অ্যাপ ব্যবহার করে নাম বাদ দেওয়ার ক্ষেত্রে সীমাই মূল ‘কলকাটি’ নেড়েছিলেন। অভিযেকের আক্রমণের প্রায় এক মাস পর মমতা বন্দ্যোপাধ্যায়েরও নিশানাতে ছিলেন সীমা। তাঁর দাবি ছিল, এআই দিনে কাজ করে ৫৮ লক্ষের নাম বাদ দিয়েছেন সীমা খান্না। এদিকে উনি নির্বাচন কমিশনের কেউ নন, বিজেপির অইটি সেলের। সেই প্রসঙ্গই এখন আবার ফিরে এল।

### ২৮ সেপ্টেম্বর থেকে ধর্মঘট!

১-র পাতার পর-থেকে ৬০ সেপ্টেম্বর ধর্মঘট হলে শাশাভিত্তিক পরিষেবা ব্যাহত হওয়ার আশঙ্কা থাকছেই। এসব ক্ষেত্রে এটিএম, ইউপিএসআই, ইন্টারনেট ব্যান্কিং এবং মোবাইল ব্যান্কিংয়ের মতো ডিজিটাল পরিষেবা চালু থাকবে। তবে চেক ক্লিয়ারিং, নগদ লেনদেন বা শাখায় গিয়ে করাতে হয় এমন কাজের ক্ষেত্রে সমস্যা হতে পারে। এদিকে কেন্দ্রীয় সরকার এবং ব্যাঙ্ক কর্তৃপক্ষ ধর্মঘট না করার আবেদন জানিয়েছে। অর্থ মন্ত্রকের বক্তব্য, ইউনিয়নগুলির একাধিক দাবির মধ্যে পারফরম্যান্স লিফ্‌ড ইনসেনাটিভ বা পিএলআই নিয়ে একটি দাবি ইতিমধ্যেই স্থগিত রাখা হয়েছে। পাঁচ দিনের কর্মসূচিহের দাবি নিয়ে আলোচনার প্রক্রিয়া চলছে। ফলে ধর্মঘটের আগে ২৭ সেপ্টেম্বর ধর্মবিার ব্যাঙ্ক শোকার সিদ্ধান্তে কিছুটা স্থগি্ত মিলেও, ২৮ থেকে ৩০ সেপ্টেম্বর শাখাগুলির পরিষেবা কতটা স্বাভাবিক থাকবে, তা নির্ভর করবে ধর্মঘটের পরিস্থিতির উপর।

|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                            |
|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <div><b>NAME CHANGE</b></div> <div>I., Tainus Saikh @ Tinus Saikh, S/O- Jabbar Saikh@ Jabbar Sekh resident of Vill- Rajkhar, P.O.- Khalishpur, P.S.-Kalna, Dist-Purba Bardhaman, West Bengal, Pin-713422, do hereby declare that I have changed my name and shall henceforth be known as TINUS SEIKH in all purpose vide Affidavit No.-595 Dated 23/09/2026 sworn before The Notary Public at Purba Bardhaman. That Tainus Saikh, Tinus Saikh and Tinus Seikh all are same and one identical person.</div> |
|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                          |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <div><b>নাম পরিবর্তন</b></div> <div>আমি Anoyara Bibi, W/O Aowal Mallick, প্রমঃ রনহা, পোঃলোহারপুর, থানাঃ নলহাটি, বীরভূম, পশ্চিমবঙ্গের বাসিন্দা। আমার স্বামীর সচিব নাম Aowal Mallick. কিন্তু স্বামীর ডিজিটাল রেশন কার্ড এবং মেয়ে Majeda Khatun এর স্কুল সেক্ষিটারের স্বামীর নাম Aaway Mallick লেখা আছে। ১৪.০৯.২০২৬ তারিখ রামপুরহাট এল্‌ক্‌সিউটিভ ম্যাজিস্ট্রেট কোর্টে ২৬৭৭১ নম্বর এক্সিডেঁন্ট বলে ঘোষণা করছি Aowal Mallick and Aaway Mallick এক এবং অভিন্ন ব্যক্তি।</div> |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                      |
|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <div><b>NAME CHANGE</b></div> <div>I, SAJJIMUDDIN AHMED (old name) S/O- BALA MIYA residing at Fouz- dar Para, P.O. Bahadur, P.S. Kot- wali, Dist. Jalpaiguri W.B. do hereby declare that I have changed my name from SAJJIMUDDIN AHMED to SAJJIMUDDIN AHAMED(New Name) and henceforth I shall be known as SAJJIMUDDIN AHAMED(New Name) vide an affi- davit No. 351 sworn before the No- tary Public at Jalpaiguri dated 23/09/2026. SAJJIMUDDIN AHMED and SAJJIMUDDIN AHAMED is same and one identical person.</div> |
|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                         |
|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <div><b>NAME CHANGE</b></div> <div>I, Fazle Karim (Old name), resident of vill. Srikrishnapur Pakhuria, PO + PS<span> </span>: Rampurhat, Birbhurm do hereby declare that I have changed my name from Fazle Karim (Old name) to Fazley Karim (new name) and henceforth I shall be known as Fazley Karim in all purpose, vide af- fidavit No 16 sworn before the no- tary public at Rampurhat on 07.09.2026 Fazley Karim and Fazle Karim both are same and one iden- tical person.</div> |
|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                            |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <div><b>NAME CHANGE</b></div> <div>I, Nasrin Parveen (old name), resident of Vill: Locoopara, ward no 1, PO + PS<span> </span>: Rampurhat, Birbhurm do hereby declare that I have changed my name Nasrin Parveen (old name) to Nasrin Parvin (new name) and henceforth I shall be known as Nasrin Parvin in all purpose, vide af- fidavit No 15 sworn before the no- tary public at Rampurhat on 22.09.2026 Nasrin Parveen and Nasrin Parvin both are same and one identical person.</div> |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                               |
|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <div><b>NAME CHANGE</b></div> <div>I, Tapas Chandra Debnath (Old Name), S/O Paressh Debnath , Re- siding at Pallia Road ,PO- Pallia,North 24 Parganas, Pin-743701 West Bengal, India. do hereby declare that I have changed my name from Tapas Chandra Debnath (Old Name) to Tapas Debnath (new name) and henceforth I'll be known as Tapas Debnath (New Name) as declared before the Notary Public at Kolkata. vide affidavit Dated 23/09/2026. Tapas Debnath (New Name) and Tapas Chandra Debnath (Old Name) both are same and one iden- tical person</div> |
|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                  |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <div><b>NAME CHANGE</b></div> <div>I, Ina Khan (old name) S/o- Kader Khan residing at Tajpur, Darermath, Murutia, Dist-Nadia, Pin-741158 West Bengal, do hereby declare that I have changed my name from INA KHAN to INER KHAN and henceforth I shall be known as INER KHAN (new name) in all pur- pose vide an affidavit sworn before the Notary Public at Berhampore, Murshidabad dated 23/09/2026. INA KHAN (old name) and INER KHAN (new name) both are same and one identical person.</div> |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                |
|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <div><b>NAME CHANGE</b></div> <div>I, Ayub Ali (old name) S/o- Yeasin SK residing at Khidirpur, Barupara, Har- lharpara, Dist- Murshidabad, Pin-742165 West Bengal, do hereby de- clare that I have changed my name from AYUB ALI to AYUB ALI SK and henceforth I shall be known as AYUB ALI SK (new name) in all purpose vide an affidavit sworn before the Notary Public at Berhampore, Murshidabad dated 23/09/2026. JESHMINA BEGUM AND JESHMIN KHATUN BEGUM (old name) and JESHMIN KHA- TUN BEGUM (new name) both are same and one identical person.</div> |
|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <div><b>NAME CHANGE</b></div> <div>I, Jeshmina Begum and Jeshmin Khatun Begum (old name) W/o- Md Nijamuddin residing at Amirabad, Maricha, Raninagar, Dist- Murshidabad, Pin-742304 West Bengal, do hereby declare that I have changed my name from JESHMINA BEGUM AND JESHMIN KHATUN BEGUM to JESHMIN KHATUN and henceforth I shall be known as JESHMIN KHATUN (new name) in all purpose vide an affidavit sworn before the Notary Public at Berhampore, Murshidabad dated 23/09/2026. JESHMINA BEGUM AND JESHMIN KHATUN BEGUM (old name) and JESHMIN KHA- TUN BEGUM (new name) both are same and one identical person.</div> |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                   |
|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <div><b>AFFIDAVIT</b></div> <div>I, RONI KUMAR GHOSH S/o- Late Samir Ghosh &amp; Sima Ghosh resid- ing at Vill- Gazna, P.O-East Bish- nupur, P.S.-Gaighata, Dist.-North 24 Parganas, PIN-743273 do hereby solemnly affirm and declare my actual residential address Vill-Gazna, PO-East Bishnupur, PS-Gaighata, Dist-North 24 Parganas, PIN-743273 and I declare that I have changed my name from RONI KUMAR GHOSH to RONI GHOSH (new name) in all purpose vide an affidavit No. 18675 sworn before the Ld. 1st Class Judicial Magistrate at Seal- dah dated 31/08/2026. Raqeeba Ahmed and Raqeeba Khaton is same and one identical person.</div> |
|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|



# ‘বাউন্সি পিচে কীভাবে চাপ সামলায় দেখব’

## বৈভবকে হুঁশিয়ারি কিউয়ি কোচের



সংবাদ সংস্থা, ওয়েলিংটন, ২৩ সেপ্টেম্বরঃ নিউজিল্যান্ড সিরিজের বহু আগে থেকেই চর্চায় একজনের নাম- বৈভব সূর্যবংশী। টিম ইন্ডিয়ায় তাবা। তাবড় ব্যাটার আহেনা। তা সত্ত্বেও ১৫ বছর বয়সকেই নিশানা করলেন কিউয়িদের কোচ। আপাতত এশিয়ান গেমস তার পাখির চোখ। এরপর নিউজিল্যান্ডে গিয়ে সিরিজ। এতদিন মূলত ভারতের পিচেই খেলেছে বৈভব। তা নিয়ে এখন থেকেই হুমকি দিয়ে রাখলেন নিউজিল্যান্ডের কোচ রব ওয়াল্টার। তিনি বলেনছেন, “আমি দেখতে চাই, গতিময় ও বাউন্সি পিচে বৈভব কীরকম খেলে। তখন বোঝা যাবে, পার্থক্য কোথায়? নিঃসন্দেহে বৈভব দারুণ প্লেয়ার। আইপিএলে দেখেছি, বিশ্বের সেরা বোলারদের উপর

আধিপত্য ফলাতো। কিন্তু আসল পরীক্ষা হল, বিভিন্ন পরিবেশ-পরিস্থিতিতে নিজেকে মানিয়ে নিতে পারছে কি না। আমাদের দেশে এলেই বুঝতে পারবে, ওকে কীরকম বল করি।” তার সংযোজন, “রিপক্ষ দলের কোচ হিসেবে আমি চাইব, ওকে চাপে ফেলতে। তবেই তো বোঝা যাবে, কীভাবে পালটা দেয়। দেখা যাক, কী হয়। যদি ও শেষ পর্যন্ত না খেলে, তাহলে ওর থেকে আরও অনেক ভালো প্লেয়ার আছে।” এখনও নিউজিল্যান্ড সিরিজের দল ঘোষণা করেনি বিসিসিআই। তবে সদ্য নিউজিল্যান্ড দল জানিয়েছে। ফলে বৈভব আদৌ সুযোগ পাবে কি না, বা নিউজিল্যান্ডে গিয়ে খেলবে কি না, নিশ্চিত নয়। তাছাড়া সদ্য দেশের মাটিতে আফগান সিরিজে প্রথম একাদশে সুযোগই পায়নি বৈভব। সামনে এশিয়ান গেমস। তারপর ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে টি-টোয়েন্টি সিরিজ। এরপর নিউজিল্যান্ড সফর। সেখানে ২২ অক্টোবর থেকে টি-টোয়েন্টি সিরিজ শুরু হবে। তাছাড়া গতবছর ভারতের কাছে টি-টোয়েন্টি বিশ্বকাপ হারের জ্বালাও রয়েছে নিউজিল্যান্ডের। সেটারও ‘বদলা’য় নজর থাকবে।

# ছাংতের হ্যাটট্রিক, শ্রীনিধিকে ৬ গোল মোহনবাগানের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৩ সেপ্টেম্বরঃ কলকাতা লিগ জয়ের রেশ এখনও কাটেনি। এই আবেহেই বুধবার আইএফএ শিল্পের উদ্বোধনী ম্যাচে শ্রীনিধি ডেকানকে ৬-০ গোলে উড়িয়ে দিল



মোহনবাগান। এই ম্যাচে নামার আগে কলকাতা লিগ জয়ের উদযাপন হিসাবে ক্লাব লনে পতাকা উত্তোলন করলেন সবুজ-মেরুন কর্তারা। টুফি তুলে দিলেন রাজ্যের ক্রীড়ামন্ত্রী ইন্দ্রনীল খা। সেই আনন্দকে আরও দ্বিগুণ করে দিল মোহনবাগানের বিরাট জয়। শিল্পের প্রথম ম্যাচ। আর সেই ম্যাচে দল গঠন নিয়ে চিন্তা ছিলেন বাগান কোচ প্যান্যাজিওটিস দিলেমপেরিস। আপুইয়া, মনবীর

সিং, মেহতাব সিং, অভিষেক সিং, সাহাল আবদুল সামাদ, অনিরুদ্ধ খাপারা জাতীয় শিবিরে। এছাড়াও সমীর জেলকোভিচের মতো বিদেশি চোটের তালিকায়। এদিন প্রথম একাদশে জেমি

কোটালের ডুলের সুযোগ নিয়ে ড্রাজিচ বল বাডান অভিষেক সূর্যবংশীকে। দূরপাল্লার দুরন্ত শটে গোল করে সবুজ-মেরুনকে এগিয়ে দেন তিনি। ২৯ মিনিটে সুযোগ পেয়ে গিয়েছিল শ্রীনিধিও। জেরির শট অনেকটা বাইরে চলে যায়। ৪৪ মিনিটে শুভাসিনের গুচ চলে আসে মিশুয়েলের কাছে। তাঁর বাড়ানো বল জালে পাঠাতে কোনও ভুল করেননি ছাংতা। বিরতির পর আরও ভয়ংকর মোহনবাগান। ৫২ মিনিটে ম্যাকলারেনের সেটার থেকে বল নিয়ন্ত্রণে নিয়ে দুই ডিফেন্ডারকে কাটিয়ে, গোলরক্ষক কমলজিকে পরাস্ত করে নিজের দ্বিতীয় গোল করেন ছাংতা। পাঁচ মিনিট পর লিস্টন কোলাসো ও মিশুয়েলের যুগলবন্দির সুফল কাজে লাগিয়ে হ্যাটট্রিক পূর্ণ করেন ছাংতা। এরপর একের পর এক বদল আনেন মোহনবাগান কোচ পানোস। ম্যাকলারেনের জায়গায় নামেন লি এরউইন। পরে মিশুয়েল ও ড্রাজিচকে তুলে নামানো হয় সুহেল ভাট ও বিসান নাসিরিকে। তাতেও সবুজ-মেরুনের গোলের উসবে ভাটা পড়েনি। ৮১ মিনিটে ছাংতের বাড়ানো বল কিয়ামে মাইনাস বিপক্ষের পায়ে লেগে সন্দীপ মালিকের সামনে আসে। ফাঁকা জালে বল পাঠিয়ে স্কোর লাইন ৫-০ করেন। মিনিটখানেক পরেই ছাংতের বাড়ানো বল থেকে লাফিয়ে হেড করে জালে পানান লি এরউইন। সবুজ-মেরুন জার্সিতে অভিষেক ম্যাচেই গোল পেলেন স্কটিশ তারকা। এই ম্যাচে মোহনবাগানের প্রাপ্তি ছাংতের হ্যাটট্রিকের সঙ্গে মিশুয়েলের বিচক্ষণ ফুটবল, এরউইনের পদে। সবুজ-মেরুনের পরের ম্যাচ নর্থইস্ট ইউনাইটেডের বিরুদ্ধে। তার আগে আত্মবিশ্বাস বাড়িয়ে নিলেন পানোসের ছেলেরা।

# হকিতে থাইল্যান্ডকে ২০ গোল ভারতের

## ৯ বার লক্ষ্যভেদে রেকর্ড দীপিকার

সংবাদ সংস্থা, আইটি-নাগোয়া, ২৩ সেপ্টেম্বরঃ প্রতিপক্ষকে রীতিমতো গোলের মালা পরাল ভারতীয় মহিলা হকি দল। বুধবার এশিয়ান গেমসের পুল বি-র একপেশে ম্যাচে ২০-১ ব্যবধানে চূর্ণ হল থাইল্যান্ড। আর এই ধ্বংসলীলার মূল কারিগর ড্রাগ-ক্লিকার দীপিকা সেহরাওয়াতা। একাই ৯টি গোল করে গেমসের ইতিহাসে নয়া রেকর্ড গড়লেন ফর্মের তুঙ্গে থাকা তারকা। টানা তিন ম্যাচে দাপুটে জয় ছিনিয়ে পদকের পথে আরও একধাপ এগিয়ে গেল ভারত। ম্যাচের প্রথম মিনিট থেকে থাইল্যান্ডের ডিফেন্স নিয়ে কার্যত ছেলেখেলা চালায় ভারতের ফরোয়ার্ড লাইন। দীপিকার ৯টি গোলই এসেছে পেনাল্টি কর্নার থেকে। তাঁর নিখুঁত ড্রাগ-ক্লিকের সামনে থাই গোলরক্ষক ছিলেন শ্রেফ দর্শক। দীপিকার পাশাপাশি সমান ত্রাস সৃষ্টি করেন নবনীত কোর। একটি পেনাল্টি স্ট্রোক-সহ মোট চারটি গোল আসে তাঁর স্টিক থেকে। ধাপে ধাপে গোলের উৎসবে মেতে ওঠেন দলের বাকিরাও। ঋতুজা দাদাসো পিসাল করেন হ্যাটট্রিক। এছাড়া নেহা গয়াল, লালরেমসিয়ামি, সান্দ্বী রানা এবং অধিনায়ক সালিমা টেটে বল জালে জড়াতেই



স্কোরবোর্ডে ২০ গোলের অবিশ্রাস্য সংখ্যা জ্বলজ্বল করে ওঠে। প্রথমার্ধেই ১১-০ ব্যবধানে এগিয়ে ছিল ভারত। ম্যাচের ৫৭ মিনিটে পেনাল্টি কর্নার ভেরিয়েশনে থেকে থাইল্যান্ডের হয়ে একমাত্র সাধুনাসূচক গোলাটি করেন সুপানসা সামানসো। সাম্প্রতিককালে ত্রেকআইএচি বিশ্বকাপে পঞ্চম স্থানে শেষ করেছে ভারত। সেই আত্মবিশ্বাস এশিয়াতে পুরোপুরি কাজে লাগাচ্ছে সালিমা টেটের দল। টুর্নামেন্টের শুরু থেকে চূড়ান্ত আগ্রাসী মেজাজ। প্রথম ম্যাচে উজবেকিস্তানকে ১৯-০ এবং দ্বিতীয় লড়াইয়ে ইন্দোনেশিয়াকে ১৭-১ গোলে উড়িয়ে দেয় ভারত। থাইল্যান্ডের বিরুদ্ধে বড় সাফল্যে পুল বি-র পয়েন্ট টেবিলের শীর্ষস্থান মজবুত হল।

# ২৮ বছরের খরা কাটিয়ে এশিয়াতে রূপো জিলেন মীরাবাই চানু

সংবাদ সংস্থা, আইটি-নাগোয়া, ২৩ সেপ্টেম্বরঃ অলিম্পিক্সে রূপো জিতেছেন। বিশ্বচ্যাম্পিয়ানশিপে সোনা এসেছে। কমনওয়েলথ

১৯৯৮ সালে ব্যাঙ্কক এশিয়াডে কর্ণম মালেশুরীর পর এই প্রথম ভারোত্তোলন থেকে ভারতের বুলিতে এল এশিয়ান গেমসের পদক। দীর্ঘ



গেমসের মধ্যেও বারবার উড়েছে তেরঙ্গা। কিন্তু টুফি ক্যাবিনেটে একটা শূন্যস্থান যেন বারবার উপহাস করত। এশিয়ান গেমসের পদক ছিল অধরা! অবশেষে সেই অসম্পূর্ণতা পূরণ করলেন মীরাবাই চানু। বুধবার জাপানের নাগোয়ান মহিলাদের ৪৯ কেজি বিভাগে রূপো জিতে ইতিহাস গড়লেন মণিপুরী-কন্যা।

২৮ বছরের অপেক্ষার উজ্জ্বল অবসান! মীরাবাইয়ের গোটা কেরিয়ারই আসলে একটা উড়ানের গল্প। বার্ষতা থেকে বারবার ফিরে আসার কাহিনি। রিও অলিম্পিক্সে চরম অসম্পূর্ণতা পূরণ করলেন মীরাবাই চানু। বুধবার জাপানের নাগোয়ান মহিলাদের ৪৯ কেজি বিভাগে রূপো জিতে ইতিহাস গড়লেন মণিপুরী-কন্যা।

ফিরতে হয়েছিল তাঁকে। কিন্তু হাল ছাড়েননি। ৬২ বছর বয়সে, প্রতিযোগীদের মধ্যে বয়স্কৃতম হয়েও নাগোয়ার মধ্যে নেমে মীরাবাই বুঝিয়ে দিলেন, জেদ আর গুণবসায় থাকলে বয়স শুধুই একটা সংখ্যা মাত্র। এদিন ম্যাচে ৮৭ কেজি এবং ক্লিন অ্যান্ড জার্ক ১১১ কেজি-সব মিলিয়ে ১৯৮ কেজি ওজন তুলে রূপো নিশ্চিত করেন মীরাবাই। এই ইভেন্টে সোনা জিতে এশিয়াডে সোনার হ্যাটট্রিক সম্পূর্ণ করেছেন উত্তর কোরিয়ার রি সং-গুম। অন্যদিকে, ম্যাচ ও ক্লিন অ্যান্ড জার্ক মিলিয়ে মোট ১৯১ কেজি ওজন তুলে প্রথম পেয়েছেন ইন্দোনেশিয়ার উইজয়ানা লুলুক গিয়ানি দ্রি। চোট-আঘাত, হতাশা আর প্রত্যাশার প্রবল চাপ-গুম। ভারতীয় ক্রীড়ামহলের অন্যতম নির্ভরযোগ্য মুখ চানু। নাগোয়ার এই রূপো শুধু তাঁর ব্যক্তিগত বৃন্তই সম্পূর্ণ করল না, বিশ্বমঞ্চে ভারতীয় ভারোত্তোলনের ছবিটাও ফের একবার উজ্জ্বল করে তুলল।

# অচেনা সফট টেনিসে ভারতকে প্রথম এশিয়াড পদক জেতালেন জয় মীনা

সংবাদ সংস্থা, আইটি-নাগোয়া, ২৩ সেপ্টেম্বরঃ ছোটবেলায় আর পাঁচটা সাধারণ ভারতীয় কিশোরের মতো তাঁর চোখেও ছিল ক্রিকেটার হওয়ার স্বপ্ন। মধ্যপ্রদেশের দেওয়াসের অলিতে গলিতে ব্যাট-বল নিয়ে কেটেছে শৈশব। কিন্তু

পাইওনিয়ার পাবলিক স্কুলে সফট টেনিসের কোর্ট যেন তাঁর জীবনের চিত্রনাট্যটিই বদলে দিল! প্রথমে নিছক কৌতুহল, তারপর কোর্টের ধারে দাঁড়িয়ে বল-বয় হিসেবে বল কুড়িয়ে দেওয়া। সেই কৌতুহল থেকেই জন্ম নিল ভালোবাসা, আর আজ সেই ভালোবাসাই ভারতের ক্রীড়া ইতিহাসে



তৈরি করল এক নতুন মাইলফলক। এশিয়ান গেমসের ইতিহাসে সফট টেনিস থেকে দেশকে প্রথম পদকটি এনে দিলেন বছর চব্বিশের জয় মীনা। বুধবার জাপানের নাগোয়ায় পুরুষদের সিঙ্গেলসের সেমিফাইনালে পৌঁছে ব্রোঞ্জ পদক নিশ্চিত করেছেন। কোয়ার্টার ফাইনালে ফিলিপিন্সের নুগুইট শেরউইনের বিরুদ্ধে জয়ের লড়াই ছিল আক্ষরিক অর্থে রুদ্ধশ্বাস। প্রথম গেমের ০-৪ ব্যবধানে হেরে গিয়েও দ্বিতীয় গেমের দারুণভাবে ফিরে আনেন তিনি। এরপর ফের পিছিয়ে পড়া, ফের ঘুরে দাঁড়ানো। ম্যাচ গড়ায় সাত পয়েন্টের টাই-ব্রেকারে। সেখানেও একসময় ৬-৫ ব্যবধানে পিছিয়ে

ভারতের নাম লিখিয়েছিলেন। আর এবার এশিয়াডের মধ্যেও সেই একই কীর্তি গড়লেন। মাত্র ১৪ বছর বয়সে সফট টেনিসের জন্মভূমি এই জাপানেই প্রথমবার খেলতে এসেছিলেন জয়। আজ তাঁর সেই তৃতীয় এশিয়াডেই রচিত হল ইতিহাস। স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়া’র ‘টার্গেট এশিয়ান গেমস গ্রুপ’-এর অধীনে দীর্ঘ প্রশিক্ষণ এবং বিদেশি কোচের সাহায্য তাঁর এই সাফল্যের নেপথ্যে বড় ভূমিকা পালন করেছে। একসময়ের বল-বয় থেকে এশিয়াডে দেশের প্রথম পদকজয়ী-জয় মীনার এই উড়ান হয়তো আগামী দিনে আরও অনেক তরুণকে এই অচেনা খেলায় স্বপ্ন দেখতে শেখাবে।

# ইনফান্টিনোর সংস্কার প্রস্তাব নিয়েও সংশয় ও প্রশ্ন, গভীর সংস্কারের দাবি

ফিফার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া নিয়ে স্বাধীন পর্যালোচনার যে প্রস্তাব দিয়েছেন সভাপতি জিয়ানি ইনফান্টিনো, সেটি খোপে টিকছে না খুব একটা। বেশ কয়েকটি সদস্য সংস্থার উদ্বেগ প্রশমিত করতে ব্যর্থ হয়েছে প্রস্তাবটি। জার্মানি, নেদারল্যান্ডস, সুইডেন এবং ওয়েলসের ফুটবল কর্মকর্তারা বলেনছেন, এই সংস্কার নেতৃত্বের গভীরতর সমস্যাগুলোর সমাধান করবে না।

সংবাদ সংস্থা, জুরিখ, ২৩ সেপ্টেম্বরঃ সংবাদ সংস্থা রয়টার্সের দেখা সোমবারের এক চিঠিতে ২১১টি সদস্য সংস্থাকে ফিফার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার স্বাধীন পর্যালোচনার পাশাপাশি প্রশাসনিক সংস্কার নিয়ে আলোচনার প্রস্তাব দিয়েছেন ইনফান্টিনো। বিশ্বকাপের স্বত্বসহ ফিফার বাণিজ্যিক কার্যক্রমের ২০ শতাংশ অংশীদারিত্ব বিক্রির প্রচেষ্টা। বার্থ হওয়ার পর তীব্র প্রতিক্রিয়ার জের ধরে তিনি এই প্রস্তাব দেন। আপসমূলক সূর ধরে ইনফান্টিনো আরও বলেন, তিনি ফিফার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে শক্তিশালী করার বিষয়ে কনফেডারেশন, সদস্য সংস্থা এবং অন্যান্য অংশীদারদের সাথে আলোচনার প্রস্তাব দেবেন। মহাদেশীয় কনফেডারেশনগুলোর তীব্র বিরোধিতার পর গত জুলাইয়ে ফিফার বাণিজ্যিক স্বত্বের একটি অংশ বিক্রির প্রস্তাবটি বাতিল করা হয়। উয়েফা, এশিয়ান ফুটবল কনফেডারেশন এবং কনকাকাকফ অভিযোগ করে যে, ফিফা যথাযথ আলোচনা ছাড়াই এই পরিকল্পনাটি এগিয়ে নিয়েছিল। এরপর থেকে ইনফান্টিনো তীব্র সমালোচনার মুখে পড়েছেন এবং ইউরোপীয় সংস্থাটি বর্তমান সভাপতির ওপর থেকে তাদের আস্থা হারানোর কথা জানিয়েছে। ইনফান্টিনো চিঠিতে আরও বলেন যে, বিভিন্ন প্রস্তাব বা প্রশাসনিক বিষয়ে সদস্য সংস্থাগুলোর অবস্থান ফিফার আচরণকে প্রভাবিত করবে না। ফিফার উন্নয়ন ও সংহতি কর্মসূচিগুলো বিদ্যমান নিয়ম অনুযায়ীই চলতে থাকবে। আগামী বছরের মার্চ মাসে পুনর্নির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করবেন ইনফান্টিনো। তার প্রতিপক্ষরা অবশ্য তাকে চ্যালেঞ্জ করার মতো



ইনফান্টিনোর এখনও যথেষ্ট সমর্থন রয়েছে বলে মনে হচ্ছে। ফিফা কাউন্সিলের সদস্য এবং জার্মানির ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি বার্নড নয়েনডফ মদলবার বলেন, ইনফান্টিনোর এই চিঠি আসলে তার আরও একটি মেয়াদে ক্ষমতায় থাকার চালা। “জিয়ানি ইনফান্টিনো চিঠিটিকে আমি দেখছি আগামী বছর তার পুনর্নির্বাচন নিশ্চিত করার একটি স্বচ্ছ কৌশল হিসেবে। এখন মনে হচ্ছে, ফিফা স্বীকার করেছে যে, পরিবর্তন অপরিহার্য। তবে সংস্কার প্রক্রিয়ার নেতৃত্ব দেওয়ার জন্য ইনফান্টিনো একবারেই উপযুক্ত ব্যক্তি নন।

তিনি তার সমস্ত বিশ্বাসযোগ্যতা নষ্ট করেছেন। ডাচ ফুটবল অ্যাসোসিয়েশন এই উদ্বেগের প্রতিধ্বনি তুলে বলেছে যে, প্রস্তাবগুলোতে তাদের পূর্বে আহ্বান জানানো কিছু উপাদান থাকা সত্ত্বেও তা আস্থা পুনরুদ্ধার করতে পারেনি। ফিফার প্রতিষ্ঠাতা সদস্য এই অ্যাসোসিয়েশন গত মাসে ফিফাকে ঢেলে সাজানোর লক্ষ্যে আমস্টারডামে একটি আন্তর্জাতিক শীর্ষ সম্মেলন আয়োজনের প্রস্তাব দিয়েছে এবং ২০২৭ সালের মধ্যে ইনফান্টিনোকে বদলানোর আহ্বান জানিয়েছে। ডাচ সংবাদ সংস্থা এএনপি’কে ডাচ ফুটবল অ্যাসোসিয়েশনের একজন মুখপাত্র বলেন, “প্রস্তাবিত পদক্ষেপগুলো ফিফার অভ্যন্তরে সংস্কারের জন্য আমাদের আহ্বানের সাথে আংশিকভাবে সামঞ্জস্যপূর্ণ। বাস্তবে তা ঘটছে

কিনা, তা কার্যক্ষেত্রেই স্পষ্ট হবে। একই সঙ্গে, এই প্রস্তাবগুলোকে (জনসাধারণের) চাপ থেকে বিচ্ছিন্নভাবে দেখা যায় না, এবং বর্তমান পরিস্থিতি ছাড়া এগুলো সামনে আসত না।” সুইডিশ ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি সাইমন অ্যাস্ট্রুম প্রস্তাবটির কিছু অংশকে স্বাগত জানালেও বলেন, এটি প্রয়োজনীয় বৃহত্তর সংস্কারের তুলনায় অপার্থগ্য। “চিঠির বিষয়বস্তু আমরা দীর্ঘ সময় ধরে যা দাবি করে আসছি তার সাথে সামঞ্জস্যপূর্ণ। এই উদ্যোগগুলো দেহিতে এসেছে এবং এর বেশ কয়েকটি পদক্ষেপ অনেক আগেই বাস্তবায়ন করা উচিত ছিল।” অ্যাস্ট্রুম আরও বলেন যে, ফিফার নতুন নেতৃত্বের প্রয়োজন-এই ব্যাপারে সুইডেনের দৃষ্টিভঙ্গিতে চিঠিটির কোনো পরিবর্তন হয়নি। ফুটবল অ্যাসোসিয়েশন অফ ওয়েলসের প্রধান নির্বাহী নোয়েল মুনিও চিঠিটিকে একটি বড় সংস্কার প্যাকেজ হিসেবে আখ্যায়িত করার বিষয়ে প্রশ্ন তুলেছেন। “এতে আসলে ফিফার স্বয়ং সংস্কারের কথা বলা হয়নি। এতে কৌশলগত প্রকল্প এবং উদ্যোগকে কেন্দ্র করে সংস্কারের কথা বলা হয়েছে।” পরিতাপ্তি বিরোধিতার পুনরাবৃত্তি করে মুনি বলেন, ফিফার উচিত বাইরের বিনিয়োগকারী খোঁজার পরিবর্তে সদস্য সংগঠনগুলোকে সমর্থন করার জন্য তার বিদ্যমান আর্থিক সম্পদ ব্যবহার করা। “এমন কাউকে নিশ্চয়ই খুঁজছেন না, যে কিনা খেলার অংশবিশেষ বিক্রি করে দেবে। বিশ্বকাপের জন্য বেসরকারি মূলধনের প্রয়োজন নেই।”

**পুরুলিয়া অযোধ্যা পাহাড় ভ্রমণের**  
**একমাত্র ভরসাযোগ্য ও নিরাপদ ঠিকানা**

# গীতাঞ্জলি ফরেস্ট রিট্রিট

**Vill : Tilaitanr, PO.: Kadampur, PS : Arsha, Beside Tilaitanr Water Tank, Ajodhya, Purulia, pin : 723201**

১. প্রাকৃতিক নিরিবিলি পরিবেশ আধুনিক ব্যবস্থা যুক্ত কন্টেক্স থাকার ব্যবস্থা।
২. অভিজিদের জন্য দেশী মুরগি, দেশী খাসির মাংস, পছন্দসই চাইনিজ আইটেম, বাঙালি খাবার পাওয়া যায়।
৩. গাড়ি- পিক আপ, সাইট সিংং, ড্রপ এর ব্যবস্থা আছে। সং ও অভিজ্ঞ ড্রাইভার গাইড করেন।
৪. স্থানীয় সংস্কৃতি - ছৌ নাচ, আদিবাসী নাছ, পাতা নাচ এর ব্যবস্থা আছে।

**8334826975/9875658238 gitanjaliforestretreat@gmail.com**

**CHECK IN: 10:00 AM & CHECK OUT: 9:00 AM**